পততশ্চাপরো রাজন্ ! বিজহারাসিনা শিরঃ।
জীবতশ্চ তথৈবান্যঃ শস্ত্রং কাযে ন্যমজ্জয়ৎ ॥৩৮॥
মুষ্টিযুদ্ধং মহচ্চাসীদ্ যোধানাং তত্র ভারত !।
তথা কেশগ্রহশ্চোগ্রো বাহুযুদ্ধঞ্চ ভৈরবম্ ॥৩৯॥
সমাসক্তস্য চান্যেন অবিজ্ঞাতস্তথাপরঃ।
জহার সমরে প্রাণান্ নানাশস্ত্রৈরনেকধা ॥৪০॥
সংসক্তেষু চ যোধেষু বর্ত্তমানে চ সঙ্কুলে।
কবন্ধান্যুত্থিতানি স্ম শতশোঽথ সহস্রশঃ ॥৪১॥
শোণিতৈঃ সিচ্যমানানি শস্ত্রাণি কবচানি চ।
মহারাগানুরক্তানি বস্ত্রাণীব চকাশিরে ॥৪২॥

ভাবতকৌমুদী

পতত ইতি। বিজহাব বিশেষেণ জহাব চিচ্ছেদ। ন্যমজ্জযৎ প্রাবেশযৎ ॥৩৮॥
মুষ্টীতি। কেশানাং গ্রহো ধারণম্। ভৈরবং ভীষণম্ ॥৩৯॥
সমিতি। সমাসক্তস্য যুদ্ধে ব্যাপৃতস্য, অন্যেন সহ ॥৪০॥
সমিতি। সংসক্তেষু যুদ্ধব্যাপৃতেষু। সঙ্কুলে যুদ্ধে। স্মশব্দঃ পাদপূবণে ॥৪১॥
শোণিতৈবিতি। মহাবাগৈঃ কুঙ্কুমাদিভিঃ অনুবক্তানি রঞ্জিতানি ॥৪২॥

দেহে মস্তক ছেদন করিতে লাগিল; আব অন্য যোদ্ধা মৃত যোদ্ধাকেও পদাঘাত কবিতে থাকিল ॥৩৬—৩৭॥

বাজা! কোন যোদ্ধা পতিত হইতে থাকিলে, অপব যোদ্ধা তববাবিদ্বারা তাহাব মস্তক ছেদন কবিল এবং অন্য যোদ্ধা জীবিত যোদ্ধাব দেহেই অস্ত্রপ্রবেশ কবাইয়া দিল ॥৩৮॥

ভবতনন্দন! তখন যোদ্ধাদেব মহামুষ্টিযুদ্ধ, ভীষণ কেশাকর্ষণ এবং ভয়ঙ্কর বাহুযুদ্ধ হইতে লাগিল ॥৩৯॥

কোন যোদ্ধা অন্যেব সহিত যুদ্ধে ব্যাপৃত ছিল, এমন সময়ে অপব কেহ অজ্ঞাতভাবে যাইয়া অনেক প্রকাবে নানা অস্ত্রেব আঘাতে তাহাব প্রাণ হরণ কবিল ॥৪০॥

এইভাবে যোদ্ধাবা যুদ্ধে ব্যাপৃত হইলে এবং সঙ্কুল যুদ্ধ চলিতে থাকিলে, শত শত ও সহস্র সহস্র কবন্ধ উত্থিত হইল ॥৪১॥

বক্তাক্ত অস্ত্র ও কবচগুলি কুঙ্কুমাদিবঞ্জিত বস্ত্রেব ন্যায় শোভা পাইতে লাগিল ॥৪২॥

---

(৩৮) জীবতাঞ্চ তথৈবান্যে শস্ত্রং কাযে ন্যমজ্জযন্—পি। (৪১) কবন্ধান্যুত্থিতানি স্যুঃ…বৰ্দ্ধ বা সো। (৪২) লোহিতৈঃ সিচ্যমানানি…পি।

এবমেতন্মহাযুদ্ধং দারুণং শস্ত্রসঙ্কুলম্ ।
উন্মত্তগঙ্গপ্রতিমং শব্দেনাপূরয়জ্জগৎ ॥৪৩॥
নৈব স্বে ন পরে রাজন্ ! বিজ্ঞায়ন্তে শরাতুরাঃ ।
যোদ্ধব্যমিতি যুধ্যন্তে রাজানো জয়গৃদ্ধিনঃ ॥৪৪॥
স্বান্ স্বে জঘ্নুর্মহারাজ ! পরাংশ্চৈব সমাগতান্ ।
উভয়োঃ সেনয়োর্বীরৈর্ব্যাকুলং সমপদ্যত ॥৪৫॥
রথৈর্ভগ্নৈর্মহারাজ ! বারণৈশ্চ নিপাতিতৈঃ ।
হয়ৈশ্চ পতিতৈস্তত্র নরৈশ্চ বিনিপাতিতৈঃ ॥৪৬॥
অগম্যরূপা পৃথিবী মাংসশোণিতকর্দ্দমা ।
ক্ষণেনাসীন্মহীপাল ! ক্ষতজৌঘপ্রবর্ত্তিনী ॥৪৭॥ (যুগ্মকম্)
পাঞ্চালানহনৎ কর্ণস্ত্রিগর্ত্তাংশ্চ ধনঞ্জয়ঃ ।
ভীমসেনঃ কুরূন্ রাজন্ ! হস্ত্যনীকঞ্চ সর্ব্বশঃ ॥৪৮॥

ভারতকৌমুদী

এবমিতি। উন্মত্তা তরঙ্গসঙ্কুলা গঙ্গা যস্মিন্ স্থানে তদুন্মত্তগঙ্গং তৎ প্রতিমা উপমা যস্য তৎ। "রূঢৌ তু নদ্যা" ইত্যব্যয়ীভাবসমাসঃ ॥৪৩॥

নেতি। শরপদং সর্বশস্ত্রোপলক্ষণম্। জয়গৃদ্ধিনো জয়াভিলাষিণঃ ॥৪৪॥

স্বানিতি। ব্যাকুলং বিশৃঙ্খলং যুদ্ধম্, সমপদ্যত প্রাপ্যত ॥৪৫॥

রথৈরিতি। বারণৈর্গজৈঃ। ক্ষতজৌঘপ্রবর্ত্তিনী রক্তপ্রবাহোৎপাদিনী ॥৪৬—৪৭॥

পাঞ্চালানিতি। অহনদিতি বিকরণলোপাভাব আর্ষঃ। হস্ত্যনীকং হস্তিসৈন্যম্ ॥৪৮॥

এইরূপ এই অস্ত্রসঙ্কুল উন্মত্ত গঙ্গার তুল্য দারুণ মহাযুদ্ধ কোলাহলে জগৎ পূর্ণ করিতে থাকিল ॥৪৩॥

রাজা! অস্ত্রপীড়িত যোদ্ধারা স্বপক্ষ বা পরপক্ষ জানিতে পারে নাই এবং জয়াভিলাষী রাজারা যুদ্ধ করিতে হইবে বলিয়া যুদ্ধ করিতে লাগিলেন ॥৪৪॥

মহারাজ! ক্রমে স্বপক্ষ সমাগত পরপক্ষকে এবং স্বপক্ষকেও বধ করিতে লাগিল এবং উভয় পক্ষের বীরেরাই বিশৃঙ্খল যুদ্ধে প্রবৃত্ত হইতে থাকিলেন ॥৪৫॥

মহারাজ! রথ ভগ্ন এবং হস্তী, অশ্ব ও মনুষ্য নিপাতিত হওয়ায়, আর রক্ত ও মাংসে কর্দ্দম হইয়া যাওয়ায় ক্ষণকালমধ্যে সমরভূমি রক্তপ্রবাহযুক্ত ও অগম্য হইয়া গেল ॥৪৬—৪৭॥

রাজা! কর্ণ পাঞ্চালগণকে, অর্জ্জুন ত্রিগর্ত্তদিগকে এবং ভীম কৌরব ও সমস্ত হস্তিসৈন্যকে বধ করিতে লাগিলেন ॥৪৮॥

এবমেষ ক্ষয়ো বৃত্তঃ কুরুপাণ্ডবসেনয়োঃ।
অপরাহ্লে গতে সূর্য্যে কাঙ্ক্ষতাং বিপুলং যশঃ ॥৪৯॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং কর্ণপর্ব্বণি সঙ্কুলযুদ্ধে দ্বাবিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

——:*:——

ত্রয়োবিংশোঽধ্যায়ঃ।

——:-০-:——

ধৃতরাষ্ট্র উবাচ।

অতিতীব্রাণি দুঃখানি দুঃসহানি বহূনি চ।
ত্বত্তোঽহং সঞ্জয়াশ্রৌষং পুত্ত্রাণাঞ্চৈব সংক্ষয়ম্ ॥১॥
যথা ত্বং মে কথয়সে যথা যুদ্ধঞ্চ বর্ত্ততে।
স সন্তি সূত! কৌরব্যা ইতি মে নিশ্চিতা মতিঃ ॥২॥

ভাবতকৌমুদী

এবমিতি। বৃত্তো জাতঃ। কাঙ্ক্ষতাং বীরাণাং ক্ষয় ইতি সম্বন্ধঃ ॥৪৯॥

ইতি মহামহোপাধ্যায ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং কর্ণপর্ব্বণি দ্বাবিংশোঽধ্যায়ঃ ॥০॥

——:-০-:——

অতীতি। দুঃখানি দুঃখজনকবৃত্তান্তান্। ত্বত্তস্তব সকাশাৎ ॥১॥

যথেতি। সূত! সূতবংশীয়! নিশ্চিতা মতিঃ ক্রমিকক্ষয়দর্শনাদিতি ভাবঃ ॥২॥

সূর্য্য অপরাহ্ণকালে গমন করিলে, এইভাবে কুরুসৈন্য ও পাণ্ডবসৈন্যবর্ত্তী বিপুল যশের অভিলাষী বীরগণের এইরূপ ক্ষয় হইতে লাগিল' ॥৪৯॥

——:-০-:——

ধৃতরাষ্ট্র বলিলেন—'সঞ্জয়! আমি তোমার নিকট অতিতীব্র ও দুঃসহ বহুতর দুঃখজনক বৃত্তান্ত এবং পুত্ত্রগণের বিনাশের সংবাদ শুনিয়াছি ॥১॥

সূত! তুমি যেরূপ বলিতেছ এবং যেরূপ যুদ্ধ চলিতেছে, তাহাতে আমার এইরূপ নিশ্চিত ধারণা হইতেছে যে, কৌরবেরা নাই ॥২॥

---

* '...অষ্টাবিংশতিতমোঽধ্যায়ঃ' পি বঙ্গ বর্দ্ধ সো, '... একোনত্রিংশোঽধ্যায়ঃ' বা।
(২)...ইতি মে নৈষ্ঠিকী মতিঃ—পি।

দুর্য্যোধনশ্চ বিরথঃ কৃতস্তত্র মহারণে।
ধর্ম্মপুত্রঃ কথং চক্রে তস্য বা নৃপতিঃ কথম্ ॥৩॥
অপরাহ্লে কথং যুদ্ধমভবল্লোমহর্ষণম্।
তন্মমাচক্ষ্ব তত্ত্বেন কুশলো হ্যসি সঞ্জয়! ॥৪॥

সঞ্জয় উবাচ।

সংসক্তেষু চ সৈন্যেষু যুধ্যমানেষু ভাগশঃ।
রথমন্যং সমাস্থায় পুত্রস্তব বিশাংপতে! ॥৫॥
ক্রোধেন মহতা যুক্তঃ সবিষো ভুজগো যথা।
দুর্য্যোধনস্তু দৃষ্ট্বা বৈ ধর্ম্মরাজং যুধিষ্ঠিরম্ ॥৬॥
প্রোবাচ সূতং ত্বরিতো যাহি যাহীতি ভারত!।
তত্র মাং প্রাপয় ক্ষিপ্রং সারথে! যত্র পাণ্ডবঃ ॥৭॥
ধ্রিয়মাণাতপত্রেণ রাজা রাজতি দংশিতঃ।
স সূতশ্চোদিতো রাজ্ঞা রাজ্ঞঃ স্যন্দনমুত্তমম্ ॥৮॥
যুধিষ্ঠিরস্যাভিমুখং প্রেষয়ামাস সংযুগে।
ততো যুধিষ্ঠিরঃ ক্রুদ্ধঃ প্রভিন্ন ইব কুঞ্জরঃ ॥৯॥

ভারতকৌমুদী

দুবিতি। কৃতো যুধিষ্ঠিরেণ। কথং কীদৃশং কার্য্যম্। নৃপতির্দুর্য্যোধনঃ ॥৩॥
অপেতি। লোমহর্ষণমিতি সম্ভাবনয়োক্তম্। কুশলো বৃত্তান্তাভিধানে নিপুণঃ ॥৪॥
সমিতি। সংসক্তেষু পরস্পরং মিলিতেষু। ভাগশো ভাগে ভাগে। পুত্রো দুর্য্যোধনঃ। সবিষ ইত্যনেন নির্বিষভুজঙ্গাদিব্যাবৃত্তিঃ। তৎক্রোধস্য নিষ্ফলত্বাদিদং বিশেষণম্। সূতং সারথিম্। ধ্রিয়মাণং ভৃত্যেন মস্তকোপরি ধার্য্যমাণং যদাতপত্রং ছত্রং তেন, রাজা যুধিষ্ঠিরঃ,

---

সে যাহা হউক, যুধিষ্ঠির সেই মহাযুদ্ধে দুর্য্যোধনকে রথবিহীন করিয়াছিলেন। তাহার পর যুধিষ্ঠিরই বা দুর্য্যোধনের সম্বন্ধে কিরূপ কার্য্য করিলেন? দুর্য্যোধনই বা তাঁহার বিষয়ে কীদৃশ কর্ম্ম করিয়াছেন? ॥৩॥

সঞ্জয়! তুমি বলিতে বড়ই নিপুণ। সুতরাং তুমি যথার্থরূপে আমার নিকট বল যে, সেই অপরাহ্লে কিরূপ লোমহর্ষণ যুদ্ধ হইয়াছিল' ॥৪॥

সঞ্জয় বলিলেন—'নরনাথ! সেই অপরাহ্লে উভয়পক্ষের সৈন্যেরা মিলিত হইয়া ভাগে ভাগে যুদ্ধ করিতে লাগিলে, আপনার পুত্র দুর্য্যোধন বিষধর সর্পের ন্যায়

---

(৩)···কৃতস্তত্র মহারথঃ···বা সো,···তস্মিন্ বা নৃপতিঃ কথম্—পি। (৬)···মহতাবিষ্টঃ··· ধর্ম্মপুত্রম্·· পি। (৮) ধ্রিয়মাণেন ছত্রেণ বরাজ্ঞাতীব দংশিতঃ···পি।

সারথিং চোদয়ামাস যাহি যত্র সুযোধনঃ।
তৌ সমাজগ্মতুর্বীরৌ ভ্রাতরৌ রথসত্তমৌ ॥১০॥ (কুলকম্)
সমেত্য চ মহাবীর্য্যৌ সংরব্ধৌ যুদ্ধদুর্ম্মদৌ।
ততক্ষতুর্মহেষ্বাসৌ শরৈরন্যোন্যমাহবে ॥১১॥
ততো দুর্য্যোধনো রাজা ধর্ম্মশীলস্য মারিষ!।
শিলাশিতেন ভল্লেন ধনুশ্চিচ্ছেদ সংযুগে ॥১২॥
তন্নামৃষ্যত সংক্রুদ্ধো হ্রবমানং যুধিষ্ঠিরঃ।
অপবিধ্য ধনুশ্ছিন্নং ক্রোধসংরক্তলোচনঃ ॥১৩॥
অন্যৎ কার্ম্মুকমাদায় ধর্ম্মপুত্রশ্চমূমুখে।
দুর্য্যোধনস্য চিচ্ছেদ ধ্বজং কার্ম্মুকমেব চ ॥১৪॥ (যুগ্মকম্)

ভারতকৌমুদী

দংশিতঃ সন্নদ্ধঃ। চোদিতঃ প্রেরিতঃ, রাজ্ঞা দুর্য্যোধনেন, রাজ্ঞো দুর্য্যোধনস্য, স্যন্দনং রথম্। প্রভিন্নো মদস্রাবী। চোদযামাস প্রেরযামাস। সমাজগ্মতুর্মিলিতৌ বভূবতুঃ ॥৫—১০॥

সমেত্যেতি। সমেত্য মিলিত্বা, সংরব্ধৌ ক্রুদ্ধৌ। ততক্ষতুঃ প্রজহ্রতুঃ ॥১১॥

তত ইতি। ধর্ম্মশীলস্য যুধিষ্ঠিরস্য। শিলাযাং শিতেন ঘর্ষণাদিনা সুধারীকৃতেন ॥১২॥

তদিতি। নামৃষ্যত নাসহত। অপবিধ্য নিক্ষিপ্য। চমূমুখে সেনাগ্রে স্থিতস্য ॥১৩—১৪॥

অত্যন্তক্রুদ্ধ হইয়া অন্য রথে আরোহণ করিয়া ধর্ম্মরাজ যুধিষ্ঠিরকে দেখিয়া সারথিকে বলিলেন—'সারথি! যাও যাও। যে স্থানে যুদ্ধসজ্জায় সজ্জিত পাণ্ডুনন্দন যুধিষ্ঠির উপরি ধৃত রাজচ্ছত্রদ্বারা শোভা পাইতেছেন, সত্বর সেই স্থানে আমাকে লইয়া যাও'। ভরতনন্দন! দুর্য্যোধন এইরূপ আদেশ করিলে, সারথি তাঁহার উত্তম রথখানাকে যুধিষ্ঠিরের অভিমুখে লইয়া গেল। তাহার পর যুধিষ্ঠির মদস্রাবী হস্তীর ন্যায় ক্রুদ্ধ হইয়া সারথিকে আদেশ করিলেন—'দুর্য্যোধন যেখানে রহিয়াছেন, সেইখানে যাও'। তৎপরে বীর ও রথিশ্রেষ্ঠ দুই ভ্রাতা মিলিত হইলেন ॥৫—১০॥

তখন মহাবল, মহাধনুর্দ্ধর, যুদ্ধদুর্দ্ধর্ষ ও ক্রুদ্ধ যুধিষ্ঠির এবং দুর্য্যোধন বাণদ্বারা যুদ্ধে পরস্পর প্রহার করিতে লাগিলেন ॥১১॥

মাননীয় রাজা! তাহার পর রাজা দুর্য্যোধন একটা শিলাশাণিত ভল্লদ্বারা ধর্ম্মশীল যুধিষ্ঠিরের ধনু ছেদন করিলেন ॥১২॥

কিন্তু ক্রুদ্ধ যুধিষ্ঠির সে অপমান সহ্য করিলেন না; তিনি সেই ছিন্ন ধনু ত্যাগ করিয়া ক্রোধে আরক্তনয়ন হইয়া অন্য ধনু লইয়া সৈন্যসম্মুখস্থিত দুর্য্যোধনের ধ্বজ ও ধনু কাটিয়া ফেলিলেন ॥১৩—১৪॥

(১২)…ধর্ম্মরাজস্য মারিষ!…পি।

অথান্যদ্ধনুরাদায় প্রত্যবিধ্যত পাণ্ডবম্।
তাবন্যোন্যং সুসংরব্ধৌ শস্ত্রবর্ষাণ্যমুঞ্চতাম্ ॥১৫॥
সিংহাবিব সুসংরব্ধৌ পরস্পরজিগীষয়া।
জঘ্নতুস্তৌ রণেঽন্যোন্যং নর্দ্দমানৌ বৃষাবিব ॥১৬॥
অন্তরং মার্গমাণৌ চ চেরতুস্তৌ মহারথৌ।
ততঃ পূর্ণায়তোৎসৃষ্টৈঃ শরৈস্তৌ তু কৃতব্রণৌ ॥১৭॥
বিরেজতুর্ম্মহারাজ! কিংশুকাবিব পুষ্পিতৌ।
ততো রাজন্! প্রতিভয়ান্ সিংহনাদান্ মুহুর্ম্মুহুঃ ॥১৮॥
তলয়োশ্চ তথা শব্দান্ ধনুষোশ্চ মহাহবে।
শঙ্খশব্দবরাংশ্চৈব চক্রতুস্তৌ নরেশ্বরৌ ॥১৯॥ (বিশেষকম্)
অন্যোন্যং তৌ মহারাজ! পীড়য়াঞ্চক্রতুর্ভৃশম্।
ততো যুধিষ্ঠিরো রাজা পুত্রং তব শরৈস্ত্রিভিঃ ॥২০॥

ভাবতকৌমুদী

অথেতি। প্রত্যবিধ্যত দুর্য্যোধন ইত্যর্থঃ, পাণ্ডবং যুধিষ্ঠিরম্। সুসংরব্ধৌ অতীবক্রুদ্ধৌ ॥১৫॥
তাবিতি। জঘ্নতুঃ প্রজহ্রতুঃ। নর্দ্দমানৌ গর্জন্তৌ ॥১৬॥
অন্তরমিতি। অন্তরং প্রহারাবকাশম্, মার্গমাণৌ অন্বিষ্যন্তৌ। পূর্ণায়তেনাকৃষ্টেন স্বস্বধনুষা উৎসৃষ্টৈঃ ক্ষিপ্তৈঃ। প্রতিভয়ান্ ভয়ঙ্করান্। তলয়োর্হস্তাবাপয়োঃ ॥১৭—১৯॥

তদনন্তর দুর্য্যোধন অন্য ধনু গ্রহণ করিয়া যুধিষ্ঠিরকে প্রতিবিদ্ধ করিলেন। পরে তাঁহারা অত্যন্ত ক্রুদ্ধ হইয়া পরস্পর অস্ত্রবর্ষণ করিতে লাগিলেন ॥১৫॥

ক্রমে তাঁহারা দুইটা সিংহের ন্যায় অত্যন্ত ক্রুদ্ধ হইয়া এবং পরস্পর জিগীষাবশতঃ দুইটা বৃষের তুল্য গর্জন করিতে থাকিয়া পরস্পর আঘাত করিতে থাকিলেন ॥১৬॥

পরে সেই মহারথেরা দুই জন প্রহারের অবকাশ অন্বেষণ করিতে থাকিয়া বিচরণ করিতে লাগিলেন। মহারাজ! তাহার পর তাঁহারা দুই জনই ধনু দুইখানা পূর্ণ আকর্ষণ করিয়া নিক্ষিপ্ত বাণদ্বারা ক্ষতবিক্ষতদেহ হইয়া পুষ্পিত দুইটা কিংশুকবৃক্ষের ন্যায় শোভা পাইতে থাকিলেন। রাজা! তদনন্তর সেই রাজারা দুই জন মুহুর্ম্মুহু ভয়ঙ্কর সিংহনাদ, হস্তাবরণ ও ধনুর শব্দ এবং বিশাল শঙ্খধ্বনি করিতে লাগিলেন ॥১৭—১৯॥

---

(১৫)···তাবন্যোন্যং ভৃশং ক্রুদ্ধৌ···পি,···সুসংক্রুদ্ধৌ··· সো বা। (১৬ ···যতমানৌ জিগীষয়া পি। (১৮) ততঃ শব্দো মহানাসীৎ সিংহনাদো মুহুর্ম্মুহুঃ ··পি, ততো রাজন্! বিমুক্তস্তৌ সিংহনাদান্ মুহুর্ম্মুহুঃ···সো বা।

আজঘানোরসি ক্রুদ্ধো বজ্রবেগৈর্দুরাসদৈঃ।
প্রতিবিব্যাধ তং তূর্ণং তব পুত্রো মহীপতিম্ ॥২১॥
পঞ্চভির্নিশিতৈর্বাণৈঃ স্বর্ণপুঙ্খৈঃ শিলাশিতৈঃ।
ততো দুর্য্যোধনো রাজা শক্তিং চিক্ষেপ ভারত ! ॥২২॥
সর্বপারশবীং তীক্ষ্ণাং মহোল্কাপ্রতিমাং তদা।
তামাপতন্তীং সহসা ধর্ম্মরাজঃ শিতৈঃ শরৈঃ ॥২৩॥
ত্রিভিশ্চিচ্ছেদ সহসা তঞ্চ বিব্যাধ পঞ্চভিঃ।
নিপপাত ততঃ সাথ স্বর্ণদণ্ডা মহাস্বনা ॥২৪॥ (কুলকম্)
নিপতন্তী মহোল্কেব ব্যরাজচ্ছিখিসন্নিভা।
শক্তিং বিনিহতাং দৃষ্ট্বা পুত্রস্তব বিশাংপতে ! ॥২৫॥

ভাবতকৌমুদী

অন্যোন্যমিতি। পুত্রং দুর্য্যোধনম্। উবসি বক্ষসি। নিশিতৈঃ সুধাবীকৃতৈঃ, শিলাশিতৈঃ শিলাসু ঘর্ষণাদিনা তনূকৃতৈঃ পবিষ্কৃতসর্বাবয়বৈবিত্যর্থঃ। অতএব ন পুনরুক্তিঃ। সর্বৈধবয়বেষু পাবশবীং লৌহময়ীম্। তং দুর্য্যোধনঞ্চ, পঞ্চভিঃ শবৈঃ ॥২০—২৪॥

ভাবতভাবদীপঃ

অতীতি ॥১—২॥ বিবথঃ কৃত ইত্যুক্তম্, তত্র যুদ্ধে ধর্ম্মপুত্রঃ কথং তং বিবথং চক্রে তস্য তঞ্চ নৃপতির্দুর্য্যোধনঃ কথমযুধ্যতেতি শেষঃ ॥৩—১২॥ অপবিধ্য ত্যক্ত্বা ॥১৩—২১॥ সর্ব্বপাবশবীং সর্ব্ববিনাশিনীম্, গৌবাদিঃ। "তিবস্কাববিনাশে চ পুংসি পাবশবঃ পুমা"নিতি মেদিনী ॥২৩—৩৬॥

ইতি কর্ণপর্ব্বণি নৈলকণ্ঠীযে ভাবতভাবদীপে ত্রযোবিংশোঽধ্যাযঃ ॥২৩॥

মহাবাজ ! ক্রমে তাঁহারা পবস্পব গুরুতব পীড়ন করিতে থাকিলেন। তৎপবে বাজা যুধিষ্ঠির ক্রুদ্ধ হইয়া বজ্রেব ন্যায বেগবান্ ও দুর্দ্ধর্ষ তিনটা বাণদ্বাবা আপনাব পুত্রেব বক্ষস্থলে আঘাত করিলেন। তখন আপনাব পুত্র দুর্য্যোধনও স্বর্ণপুঙ্খ, সুধাব ও শিলাপরিষ্কৃত পাঁচটা বাণদ্বাবা সত্বব যুধিষ্ঠিবকে প্রতিবিদ্ধ কবিলেন। ভবতনন্দন ! তাহাব পব আবাব বাজা দুর্য্যোধন তখনই লৌহময়, তীক্ষ্ণ ও বিশাল উল্কাতুল্য একটা শক্তি নিক্ষেপ করিলেন। সেই শক্তিটা আসিতে লাগিলে, যুধিষ্ঠিব তৎক্ষণাৎ তিনটা সুধার বাণে সেটাকে ছেদন কবিলেন এবং সত্বব পাঁচটা বাণে দুর্য্যোধনকে বিদ্ধ করিলেন। তদনন্তব স্বর্ণদণ্ডা ও বিশালশব্দা সেই শক্তিটা নিপতিত হইল ॥২০—২৪॥

---

(২১)·· মহীপতিঃ—বঙ্গ বর্দ্ধ বা সো। (২৫)·· ব্যবাজৎ সূর্য্যসন্নিভা পি।

নবভির্নিশিতৈস্তীক্ষ্ণৈর্নিজঘান যুধিষ্ঠিরম্।
সোঽতিবিদ্ধো বলবতা শত্রুণা শত্রুতাপনঃ ॥২৬॥
দুর্য্যোধনং সমুদ্দিশ্য বাণং জগ্রাহ সত্বরঃ।
সমাধত্ত চ তং বাণং ধনুর্মধ্যে মহাবলঃ ॥২৭॥ (বিশেষকম্)
চিক্ষেপ চ মহারাজ! ততঃ ক্রুদ্ধঃ পরাক্রমী।
স তু বাণঃ সমাসাদ্য তব পুত্রং মহারথম্ ॥২৮॥
ব্যামোহয়ত রাজানং ধরণীঞ্চ জগাম হ।
ততো দুর্য্যোধনঃ ক্রুদ্ধো গদামুদ্যম্য বেগিতঃ ॥২৯॥
বিধিৎসুঃ কলহস্যান্তং ধর্ম্মরাজমুপাদ্রবৎ।
তমুদ্যতগদং দৃষ্ট্বা দণ্ডহস্তমিবান্তকম্ ॥৩০॥
ধর্ম্মরাজো মহাশক্তিং প্রাহিণোত্তব সূনবে।
দীপ্যমানাং মহাবেগাং মহোল্কাং জ্বলিতামিব ॥৩১॥ (কলাপকম্)

ভাবতকৌমুদী

নিপতন্তীতি। শিখিসন্নিভা অগ্নিতুল্যা। নবভির্বাণৈঃ। সমাধত্তাস্থাপযৎ ॥২৫—২৭॥

চিক্ষেপেতি। পবাক্রমী যুধিষ্ঠিবঃ। ব্যামোহবত মূর্চ্ছিতপ্রাবমকবোৎ। বিধিৎসুর্যুধিষ্ঠিব-বধেনৈব বিধাতুমিচ্ছুঃ, তদানীং রাজ্ঞো বধেনৈব যুদ্ধনিবৃত্তের্ব্যবহাবসিদ্ধত্বাদিতি ভাবঃ। উপাদ্রবদভ্যাবাবৎ। প্রাহিণোৎ প্রক্ষিপৎ, সূনবে পুত্রায। দীপ্যমানাং তেজসা ॥২৮—৩১॥

সেই শক্তিটা নিপতিত হইতে থাকিয়া বিশাল উল্কা ও অগ্নিশিখার ন্যায় প্রকাশ পাইয়াছিল। নবনাথ! সেই শক্তিটাকে প্রতিহত দেখিয়া আপনাব পুত্র দুর্য্যোধন নয়টা শিলাশাণিত তীক্ষ্ণ বাণে যুধিষ্ঠিবকে আঘাত কবিলেন। বলবান্ শত্রু অত্যন্ত বিদ্ধ কবিলে, মহাবল ও শত্রুতাপন যুধিষ্ঠির দুর্য্যোধনেব উদ্দেশে একটা বাণ গ্রহণ কবিলেন এবং সে বাণটাকে ধনুব মধ্যস্থানে রাখিলেন ॥২৫—২৭॥

মহাবাজ! তাহাব পব ক্রুদ্ধ ও পবাক্রমশালী যুধিষ্ঠিব সেই বাণটা নিক্ষেপ করিলেন। পবে সেই বাণটা যাইযা আপনাব পুত্র দুর্য্যোধনকে মূর্চ্ছিতপ্রায় করিল এবং ভূতলে পতিত হইল। পবে দুর্য্যোধন ক্রুদ্ধ হইয়া কলহেব অবসান করিবাব ইচ্ছা কবিয়া গদা উত্তোলনপূর্ব্বক বেগে যুধিষ্ঠিবেব দিকে ধাবিত হইলেন। তখন দণ্ডহস্ত যমেব ন্যায গদাধারী দুর্য্যোধনকে আসিতে দেখিযা যুধিষ্ঠির উজ্জ্বল বিশাল উল্কাব ন্যায় তেজস্বিনী ও মহাবেগশালিনী একটা মহাশক্তি দুর্য্যোধনেব প্রতি নিক্ষেপ কবিলেন ॥২৮—৩১॥

---

(২৮) চিক্ষেপ চ ততো বাজা বাজঃ ক্রুদ্ধঃ পবাক্রমী…পি। (৩০)…তমালোক্যোদ্যত-গদম্…পি।

রথস্থঃ স তয়া বিদ্ধো মর্ম্ম ভিত্ত্বা স্তনান্তরে।
ভৃশং সংবিগ্নহৃদয়ঃ পপাত চ মুমোহ চ ॥৩২॥
ভীমস্তমাহ চ ততঃ প্রতিজ্ঞামনুচিন্তয়ন্।
নায়ং বধ্যস্তব নৃপ ইত্যুক্তঃ সংন্যবর্ত্তত ॥৩৩॥
ততস্ত্বরিতমাগম্য কৃতবর্ম্মা তবাত্মজম্।
প্রত্যপদ্যত রাজানং নিমগ্নং ব্যসনার্ণবে ॥৩৪॥
গদামাদায় ভীমোঽপি হেমপট্টপরিষ্কৃতাম্।
অভিদুদ্রাব বেগেন কৃতবর্ম্মাণমাহবে ॥৩৫॥
এবং তদভবদ্‌যুদ্ধং ত্বদীয়ানাং পরৈঃ সহ।
অপরাহ্ণে মহারাজ! কাঙ্ক্ষতাং বিজয়ং যুধি ॥৩৬॥

ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং কর্ণপর্ব্বণি সঙ্কুলযুদ্ধে ত্রয়োবিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

ভাবতকৌমুদী

রথস্থ ইতি। স দুর্য্যোধনঃ। সংবিগ্নহৃদয়ঃ অস্থিরচিত্তঃ ॥৩২॥
ভীম ইতি। প্রতিজ্ঞাং 'ধার্ত্তরাষ্ট্রান্ হনিষ্যামি' ইত্যেবংরূপাম্ ॥৩৩॥
তত ইতি। প্রত্যপদ্যত প্রাপ্নোৎ। ব্যসনার্ণবে বিপৎসাগরে ॥৩৪॥
গদামিতি। হেমপট্টেন পরিষ্কৃতাং শোভিতাম্। অভিদুদ্রাব অভিদধাব ॥৩৫॥
এবমিতি। যুধি বিজয়ং কাঙ্ক্ষতাং ত্বদীয়ানামিতি সম্বন্ধঃ ॥৩৬॥

ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতায়াং মহাভারত-টীকায়াং ভারতকৌমুদীসমাখ্যায়াং কর্ণপর্ব্বণি ত্রয়োবিংশোঽধ্যায়ঃ ॥০॥

সেই শক্তিটা আসিয়া রথস্থিত দুর্য্যোধনের হৃদয় ভেদ করিল; তখন তিনি অত্যন্ত অস্থির হইয়া পতিত ও মূর্চ্ছিত হইলেন ॥৩২॥

তখন ভীমসেন নিজের প্রতিজ্ঞা স্মরণ করিয়া যুধিষ্ঠিরকে বলিলেন—'মহারাজ! এ আপনার বধ্য নহে'। ভীমসেন এইরূপ বলিলে, যুধিষ্ঠির নিবৃত্তি পাইলেন ॥৩৩॥

তাহার পর কৃতবর্ম্মা সত্বর আসিয়া বিপৎসাগরে নিমগ্ন আপনার পুত্র দুর্য্যোধনের সাহায্যে প্রবৃত্ত হইলেন ॥৩৪॥

ওদিকে ভীমসেনও স্বর্ণপট্টভূষিত গদা লইয়া যুদ্ধে বেগে কৃতবর্ম্মার দিকে ধাবিত হইলেন ॥৩৫॥

মহারাজ! এইভাবে অপরাহ্ণকালে বিপক্ষগণের সহিত জয়াভিলাষী আপনার পক্ষীয় বীরগণের যুদ্ধ হইতে লাগিল' ॥৩৬॥

---

(৩৫) ভীমোঽপি মহতীং গৃহ্য গদাং হেমপরিষ্কৃতাম্... পি। * '...ঊনত্রিংশত্তমোঽধ্যায়ঃ' পি বঙ্গ বৰ্দ্ধ গো, '...ত্রিংশোঽধ্যায়ঃ' বা।

চতুর্বিংশোঽধ্যায়ঃ।

সঞ্জয় উবাচ।

ততঃ কর্ণং পুরস্কৃত্য ত্বদীয়া যুদ্ধদুর্ম্মদাঃ।
পুনরাবৃত্য সংগ্রামং চক্রুর্দেবাসুরোপমম্ ॥১॥
দ্বিরদ-নর-রথাশ্ব-শঙ্খ-শব্দৈঃ পরিহৃষিতা বিবিধৈশ্চ শস্ত্রপাতৈঃ।
দ্বিরদ-রথ-পদাতি-সাদি-সংঘাঃ পরিকুপিতাভিমুখাঃ প্রজঘ্নিরে তে ॥২॥
শিত-পরশ্বধ-সাসি-পট্টিশৈরিষুভিরনেকবিধৈশ্চ সাদিতাঃ।
দ্বিরদ-রথ-হয়া মহাহবে বরপুরুষৈঃ পুরুষাশ্চ বাহনৈঃ ॥৩॥
কমল-দিনকরেন্দু-সন্নিভৈঃ সিতদশনৈঃ সুমুখাক্ষিনাসিকৈঃ।
রুচির-মুকুট-কুণ্ডলৈর্মহী পুরুষশিরোভিরাস্তৃতা বভৌ ॥৪॥

ভাবতকৌমুদী

তত ইতি। পুরস্কৃত্য অগ্রবর্ত্তীকৃত্য। দেবাসুরোপমং দেবাসুরযুদ্ধতুল্যম্ ॥১॥

দ্বিরদেতি। দ্বিরদা গজাঃ। পরিহৃষিতা অতীবোৎসাহিতাঃ। সাদিনো গজাশ্বা-রোহিণঃ। পরিকুপিতাশ্চ তে অভিমুখাশ্চেতি তে, প্রজঘ্নিরে পরস্পরং জঘ্নুঃ ॥২॥

শিতেতি। বরপুরুষৈঃ বর্ত্তৃভিঃ, শিতাঃ সুধারা যে পরশ্বধাঃ পরশবঃ সাসয়ঃ অসি-সহিতাঃ পট্টিশাশ্চ তৈঃ, অনেকবিধৈরিষুভির্বাণৈশ্চ, বাহনৈর্গজাদিভিশ্চ করণৈঃ, মহাহবে তত্র মহাযুদ্ধে, দ্বিরদরথহয়াঃ পুরুষাশ্চ, সাদিতা নিহতাঃ ॥৩॥

কমলেতি। মহী সা রণভূমিঃ, কমলানি পদ্মানি দিনকরঃ সূর্য্য ইন্দুশ্চন্দ্রশ্চ তৎসন্নিভৈঃ,

---

সঞ্জয় বলিলেন—'মহারাজ! তাহার পর আপনার পক্ষের যুদ্ধদুর্দ্ধর্ষ বীরেরা কর্ণকে অগ্রবর্ত্তী করিয়া পুনরায় ফিরিয়া আসিয়া দেবাসুরের যুদ্ধের তুল্য যুদ্ধ করিতে লাগিলেন ॥১॥

ক্রমে উভয় পক্ষেরই হস্তী, অশ্ব ও রথারোহীরা এবং পদাতিরা হস্তী, অশ্ব, রথ, পদাতি ও শঙ্খের শব্দে, আর নানাবিধ অস্ত্রপাতে অত্যন্ত উৎসাহী, ক্রুদ্ধ ও অভিমুখবর্ত্তী হইয়া পরস্পর সংহার করিতে লাগিল ॥২॥

প্রধান যোদ্ধারা সুধার পরশু, তরবারি, পট্টিশ ও নানাবিধ বাণ এবং বাহনদ্বারা মহাযুদ্ধে হস্তী, অশ্ব, রথ ও মনুষ্যগণকে বধ করিলেন ॥৩॥

---

(৩)···অনেকবিধৈশ্চ সূদিতাঃ···বা সো,···পুরুষাশ্ববাহনৈঃ—পি বা সো।

পরিঘ-মুষল-শক্তি-তোমরৈর্নখর-ভুষুণ্ডি-গদাশতৈর্হতাঃ।
দ্বিরদ-নর-হয়াঃ সহস্রশো রুধিরনদীপ্রবহাস্তদাভবন্ ॥৫॥
প্রহৃত-রথ-নরাশ্ব-কুঞ্জরং প্রতিভয়দর্শনমুল্বণব্রণম্।
তদহিতহতমাবভৌ বলং পিতৃপতিরাষ্ট্রমিব প্রজাক্ষয়ে ॥৬॥
অথ তব নরদেব! সৈনিকাস্তব চ সুতাঃ সুরসূনুসন্নিভাঃ।
অমিতবলপুরঃসরা রণে কুরুবৃষভাঃ শিনিপুত্রমভ্যয়ুঃ ॥৭॥
তদতিরুচিরভীমমাবভৌ পুরুষবরাশ্ব-রথ-দ্বিপাকুলম্।
লবণজলসমুদ্ধতস্বনং বলমসুরাসুরসৈন্যসন্নিভম্ ॥৮॥

ভাবতকৌমুদী

সিতাঃ শুভ্রা দশনা দন্তা যেষাং তৈঃ, শোভনা মুখাক্ষিনাসিকা যেষাং তৈঃ, রুচিরাণি মুকুটানি কুণ্ডলানি চ যেষাং তৈশ্চ, পুরুষশিরোভিঃ, আস্তৃতা আচ্ছাদিতা সতী বভৌ ॥৪॥

পরিঘেতি। সহস্রশো দ্বিরদনরহয়া হতাঃ। রুধিরনদীনাং প্রবহাঃ প্রবাহাঃ ॥৫॥

প্রহৃতেতি। প্রহৃতা রথা নরা অশ্বাঃ কুঞ্জরাশ্চ যস্মিন্ তৎ, প্রতিভয়ং ভয়ঙ্করং দর্শনং যস্য তৎ, উল্বণা উৎকটা ব্রণাঃ ক্ষতানি যস্য তচ্চ, তৎ বলং সৈন্যম্, অহিতৈঃ শত্রুভির্হতং সৎ, প্রজাক্ষয়ে লোকক্ষয়কালে, পিতৃপতিরাষ্ট্রং যমরাজ্যমিব আবভৌ ॥৬॥

অথেতি। হে নরদেব! রাজন্! তব সৈনিকাঃ, সুরসূনুসন্নিভা দেবপুত্রতুল্যাঃ, তব সুতাশ্চ, অমিতবলস্য অসংখ্যসৈন্যস্য পুরঃসরা অগ্রবর্ত্তিনঃ, কুরুবৃষভাঃ কৌরবশ্রেষ্ঠাশ্চ, রণে, শিনিপুত্রং শিনিপুত্রজাতং সাত্যকিম্, অভ্যয়ুঃ অভ্যগচ্ছন্ ॥৭॥

তখন সমরভূমি মানুষের মস্তকে আবৃত হইয়া অদ্ভুত শোভা ধারণ করিল। সে মুখগুলি—পদ্ম, সূর্য্য ও চন্দ্রের তুল্য ছিল এবং সেগুলির দন্ত সকল শুভ্রবর্ণ ছিল, আর সে মস্তকগুলির মুখ, নয়ন ও নাসিকা সুন্দর ছিল এবং মুকুট ও কুণ্ডল থাকায় সেগুলিকে সুন্দর দেখাইতেছিল ॥৪॥

শত শত পরিঘ, মুষল, শক্তি, তোমর, নখর, ভুষুণ্ডি ও গদার আঘাতে সহস্র সহস্র হস্তী, অশ্ব ও মনুষ্য নিহত হওয়ায় তখন রক্তনদীর প্রবাহ বহিতে লাগিল ॥৫॥

ক্রমে উভয় সৈন্যেরই হস্তী, অশ্ব, রথ ও পদাতি সকল প্রহৃত হইতে লাগিল, তাহাতে তাহাদের গুরুতর ক্ষত হইতে থাকিল; সুতরাং তাহার দর্শনও ভয়ঙ্কর হইল। অতএব সেই দুইটা সৈন্যই শত্রুকর্তৃক নিহত হইতে থাকিয়া মহামারীর সময়ে যমের রাজ্যের ন্যায় প্রকাশ পাইতে লাগিল ॥৬॥

রাজা! তাহার পর আপনার সৈন্যেরা, দেবপুত্রতুল্য আপনার পুত্রেরা এবং অসংখ্য সৈন্যের অগ্রবর্ত্তী কৌরবশ্রেষ্ঠেরা যুদ্ধে সাত্যকির দিকে ধাবিত হইলেন ॥৭॥

---

(৮)···অসুরাসুরসৈন্যসন্নিভম্—বঙ্গ বর্দ্ধ না,···অমরাধিপসৈন্যসপ্রভম্—সো।

সুরপতি-সম-বিক্রমস্ততস্ত্রিদশবরাবরজোপমং যুধি।
দিনকর-কিরণ-প্রভৈঃ পৃষৎকৈ রবিতনয়োঽভ্যহনচ্ছিনিপ্রবীরম্ ॥৯॥
তমপি সরথবাজিসারথিং শিনিবৃষভো বিবিধৈঃ শরৈস্ত্বরন্।
ভুজগ-বিষ-সম-প্রভৈ রণে পুরুষবরং সমবাস্তৃণোত্তদা ॥১০॥
শিনিবৃষভশরপ্রপীড়িতাস্তব সুহৃদো বসুষেণমভ্যয়ুঃ।
ত্বরিতগতিরথা রথর্ষভং দ্বিরদরথাশ্বপদাতিভিঃ সহ ॥১১॥

ভাবতকৌমুদী

তদিতি। অতিকচিবঞ্চ তৎ ভীমঞ্চেতি অতিকচিবভীমম্, পুরুষবৈঃ অশ্বৈঃ বথৈঃ দ্বিপৈর্গজৈশ্চ আকুলং ব্যাপ্তম, লবণং লবণবসং জলং যস্ত স লবণজলো লবণসমুদ্রস্তস্যেব সমুদ্ধত উচ্চঃ স্বনঃ শব্দো যস্ত তৎ, অসুবাসুবসৈন্যসন্নিভঞ্চ, তদ্বলমুভয়সৈন্যম্ আবভৌ ॥৮॥

সুবেতি। ততঃ, সুবপতিসমবিক্রম ইন্দ্রতুল্যপবাক্রমঃ, ববিতনয়ঃ সূর্য্যপুত্রঃ কর্ণঃ, দিনকবকিবণানামিব প্রভা যেষাং তৈঃ, পৃষৎকৈর্বাণৈঃ, ত্রিদশবব ইন্দ্রস্তস্য অববজঃ অনুজো বামনরূপী বিষ্ণুরুপমা যস্ত তম্, শিনিপ্রবীবং সাত্যকিম্, যুধি অভ্যহনদাহতবান্ ॥৯॥

তমিতি। তদা, শিনিবৃষভঃ সাত্যকিবপি, ত্ববন্ ত্ববমাণঃ সন্, ভুজগবিষাণাং সমা শুভ্রা প্রভা যেষাং তৈঃ, বিবিধৈঃ শবৈঃ, বণে, বথেন বাজিভিঃ সাবথিনা চ সহেতি তম্, তং পুরুষববং কর্ণম্, সমবাস্তৃণোৎ আচ্ছাদযৎ ॥১০॥

শিনীতি। শিনিবৃষভস্য শিনিবংশশ্রেষ্ঠস্য সাত্যকেঃ শবৈঃ প্রপীড়িতাঃ, তব সুহৃদো বন্ধুভূতা অতিবথাঃ, দ্বিবদা হস্তিনঃ বথাঃ অশ্বাঃ পদাতযশ্চ তৈঃ সহ, ত্ববিতম্, বসুষেণং কর্ণম, অভ্যযুঃ আত্মবক্ষার্থমাশিশ্রিয়ুঃ ॥১১॥

তৎকালে হস্তী, অশ্ব, বথ ও শ্রেষ্ঠ পদাতিগণে পরিপূর্ণ, দেবাসুবসৈন্যের তুল্য, লবণসমুদ্রেব ন্যায় উচ্চকোলাহলকাবী এবং অতিসুন্দর অথ চ ভয়ঙ্কর সেই দুইটা সৈন্যই বিশেষ শোভা পাইতে লাগিল ॥৮॥

তদনন্তব ইন্দ্রেব তুল্য পবাক্রমশালী কর্ণ সূর্য্যকিবণেব ন্যায় উজ্জ্বল বাণসমূহদ্বারা যুদ্ধে বিষ্ণুব তুল্য বিক্রমী সাত্যকিকে আঘাত কবিতে থাকিলেন ॥৯॥

তখন সাত্যকিও ত্ববান্বিত হইযা সর্পবিষেব ন্যায় শুভ্রবর্ণ নানাবিধ বাণদ্বাবা যুদ্ধে বথ, সাবথি ও অশ্বগণেব সহিত পুরুষশ্রেষ্ঠ কর্ণকে আবৃত কবিয়া ফেলিলেন ॥১০॥

মহাবাজ! আপনাব অতিবথ বন্ধুবর্গ সাত্যকিব বাণে অত্যন্ত পীড়িত হইযা হস্তী, অশ্ব, বথ ও পদাতিব সহিত সত্বর বথিশ্রেষ্ঠ কর্ণেব আশ্রয় লইতে চলিলেন ॥১১॥

---

(৯)···ববিতনযো হ্যহনচ্ছিনিপ্রবীবম্—পি। (১১) শিনিবৃষভশবপ্রপীড়িতম্·পি বর্দ্ধ, শিনিবৃষভশবৈর্নিপীড়িতম্·বা।

তজুদধিনিভমাদ্রবদ্বলং ত্বরিততরৈঃ সমভিদ্রুতং পরৈঃ।
দ্রুপদসুতমুখৈস্তদাভবৎ পুরুষরথাশ্বগজক্ষয়ো মহান্ ॥১২॥
অথ পুরুষবরৌ কৃতাহ্নিকৌ ভবমভিপূজ্য যথাবিধি প্রভুম্।
অরিবধকৃতনিশ্চয়ৌ দ্রুতং তব বলমর্জ্জুনকেশবৌ সৃতৌ ॥১৩॥
জলদনিনদনিস্বনং রথং পবনবিধূতপতাককেতনম্।
সিতহয়মুপযান্তমন্তিকং হৃতমনসো দদৃশুস্তদারয়ঃ ॥১৪॥
অথ বিস্ফার্য্য গাণ্ডীবং রথে নৃত্যন্নিবার্জ্জুনঃ।
শরসংবাধমকরোৎ খং দিশঃ প্রদিশস্তদা ॥১৫॥

ভাবতকৌমুদী

তদিতি। উদধিনিভং সমুদ্রতুল্যম্, তৎ বলং কৌরবসৈন্যম্, আদ্রবৎ কর্ণং প্রতি গচ্ছৎ সৎ, ত্ববিততবৈঃ, দ্রুপদসুতমুখৈর্ধৃষ্টদ্যুম্নাদিভিঃ, পবৈর্বিপক্ষৈঃ, সমভিদ্রুতম্ অনুসৃতম্; তদা মহান্ পুরুষরথাশ্বগজক্ষয়ঃ অভবৎ ॥১২॥

অথেতি। অথ, পুরুষবরৌ, "অর্দ্ধাস্তময়াৎ সন্ধ্যা ব্যক্তীভূতা ন তাবকা যাবৎ" ইতি স্মৃতেঃ পবত্র সূর্য্যাস্তগমনাভিধানাচ্চ কৃতমাহ্নিকং সায়ংসন্ধ্যাদিকং যাভ্যাং তৌ, অর্জ্জুনকেশবৌ যথাবিধি প্রভুং জগন্নিয়ন্তারং ভবং শিবম্ অভিপূজ্য, অরিবধকৃতনিশ্চয়ৌ সন্তৌ দ্রুতং তব বলং সৈন্যম্, সৃতৌ আগতৌ ॥১৩॥

জলদেতি। তদা, অবয়ঃ কুরুপক্ষাঃ, হৃতানি উদ্বেগেনাক্রান্তানি মনাংসি যেষাং তে তাদৃশাঃ সন্তঃ, জলদনিনদো মেঘধ্বনিবিব নিস্বনো গম্ভীবশব্দো যস্য তম্, পবনেন বায়ুনা বিধুতে চালিতে পতাককেতনে পতাকাধ্বজৌ যস্য তম্, সিতাঃ শুভ্রা হয়া অশ্বা যস্য তঞ্চ, অন্তিকং স্বসমীপম্, উপযান্তমাগচ্ছন্তম্, অর্জ্জুনস্য বথম্, দদৃশুঃ ॥১৪॥

অথেতি। শবৈঃ সংবাধং ব্যাপ্তম্, খমাকাশম্, প্রদিশো বিদিশঃ ॥১৫॥

সমুদ্রেব তুল্য সেই কৌববসৈন্য কর্ণের দিকে যাইতে লাগিলে, ধৃষ্টদ্যুম্নপ্রভৃতি বিপক্ষেবা অতিত্ববান্বিত হইয়া তাহাব পশ্চাৎ ধাবিত হইলেন; তখন হস্তী, অশ্ব, রথ ও পদাতিব গুরুতব ক্ষয় হইতে লাগিল ॥১২॥

বাজা! তাহাব পব পুরুষশ্রেষ্ঠ কৃষ্ণ ও অর্জ্জুন যথাবিধানে সায়ংসন্ধ্যা ও জগদীশ্বব শিবেব পূজা কবিযা শত্রুবধে কৃতনিশ্চয হইয়া বেগে আপনাব সৈন্যেব দিকে আগমন কবিতে লাগিলেন ॥১৩॥

তখন অর্জ্জুনেব বথ নিকটে আসিতে লাগিলে, কৌববযোদ্ধাবা উদ্বিগ্নচিত্তে তাহা দেখিতে লাগিল। তৎকালে মেঘেব ন্যায় সেই বথেব গম্ভীর ধ্বনি হইতেছিল এবং বায়ু তাহাব ধ্বজ ও পতাকা আন্দোলিত কবিতেছিল, আর শ্বেতবর্ণ অশ্বগণ তাহা বহন করিতেছিল ॥১৪॥

রথান্ বিমানপ্রতিমান্ মজ্জয়ন্ সায়ুধধ্বজান্।
সসারথীংস্তদা বাণৈরভ্রাণীবানিলোঽবধীৎ ॥১৬॥
গজান্ গজনিয়ন্তৄংশ্চ বৈজয়ন্ত্যায়ুধধ্বজান্।
সাদিনোঽশ্বাংশ্চ পত্তীংশ্চ শরৈর্নিন্যে যমক্ষয়ম্ ॥১৭॥
তমন্তকমিব ক্রুদ্ধমনিবার্য্যং মহারথম্।
দুর্য্যোধনোঽভ্যয়াদেকো নিঘ্নন্ বাণৈরজিহ্মগৈঃ ॥১৮॥
তস্যার্জ্জুনো ধনুঃ সূতমশ্বান্ কেতুঞ্চ সায়কৈঃ।
হত্বা সপ্তভিরেকেন ছত্রং চিচ্ছেদ পত্রিণা ॥১৯॥
অন্তরঞ্চ সমাসাদ্য ব্যসৃজৎ প্রাণঘাতিনম্।
দুর্য্যোধনায়েষুবরং তং দ্রৌণিঃ সপ্তধাচ্ছিনৎ ॥২০॥

ভারতকৌমুদী

রথানিতি। মজ্জয়ন্ বিপৎসাগরে। অভ্রাণি মেঘান্ ॥১৬॥

গজানিতি। গজানাং নিয়ন্তৄন্ চালকান্, বৈজয়ন্তী পতাকা। সাদিনোঽশ্বারোহিণঃ ॥১৭॥

তমিতি। অভ্যয়াদভ্যগচ্ছৎ, নিঘ্নন্ প্রহরন্, অজিহ্মগৈঃ সরলগামিভিঃ ॥১৮॥

তস্যেতি। সূতং সারথিম্, কেতুং ধ্বজম্। পত্রিণা শরেণ ॥১৯॥

অন্তরমিতি। অন্তরং প্রহারাবকাশম্। ইষুবরং বাণশ্রেষ্ঠম্, দ্রৌণিরশ্বত্থামা ॥২০॥

তাহার পর অর্জ্জুন গাণ্ডীবধনু বিস্ফারিত করিয়া রথমধ্যে যেন নৃত্য করিতে থাকিয়া বাণদ্বারা আকাশ, দিক্ ও বিদিক্ ব্যাপ্ত করিয়া ফেলিলেন ॥১৫॥

তখন বায়ু যেমন মেঘ বিনাশ করে, সেইরূপ অর্জ্জুন বাণদ্বারা অস্ত্র, ধ্বজ ও সারথির সহিত বিমানতুল্য রথগুলিকে বিপৎসাগরে মগ্ন করিতে থাকিয়া বিনাশ করিতে থাকিলেন ॥১৬॥

তিনি বাণে বাণে হস্তী, হস্তিচালক, পতাকা, অস্ত্র, ধ্বজ, অশ্ব, অশ্বারোহী ও পদাতিদিগকে যমালয়ে পাঠাইতে লাগিলেন ॥১৭॥

মহারথ অর্জ্জুন ক্রুদ্ধ যমের ন্যায় অনিবার্য্য হইয়া পড়িলে, একাকী দুর্য্যোধন সরলগামী বাণদ্বারা প্রহার করিতে করিতে তাঁহার দিকে ধাবিত হইলেন ॥১৮॥

তখন অর্জ্জুন সাতটা বাণে তাঁহার ধনু, সারথি, চারিটা অশ্ব ও ধ্বজ বিনাশ করিয়া একটা বাণে তাঁহার ছত্র ছেদন করিয়া ফেলিলেন ॥১৯॥

এবং তিনি অবকাশ (ফাঁক) পাইয়া প্রাণঘাতী একটা উত্তম বাণ দুর্য্যোধনের

---

(১৬)…[illegible] [illegible]… [illegible] (১৭)…[illegible] [illegible]…। (১৮)…[illegible]—[illegible]। (১৯) [illegible]

ততো দ্রৌণের্ধনুশ্ছিত্ত্বা হত্বা চাশ্ববরান্ শরৈঃ।
কৃপস্যাপি তদত্যুগ্রং ধনুশ্চিচ্ছেদ পাণ্ডবঃ ॥২১॥
হার্দ্দিক্যস্য ধনুশ্ছিত্ত্বা ধ্বজঞ্চাশ্বাংস্তথাবধীৎ।
দুঃশাসনস্যেষ্বসনং ছিত্ত্বা রাধেয়মভ্যয়াৎ ॥২২॥
অথ সাত্যকিমুৎসৃজ্য ত্বরন্ কর্ণোঽর্জ্জুনং ত্রিভিঃ।
বিদ্ধা বিব্যাধ বিংশত্যা কৃষ্ণং পার্থং পুনঃ পুনঃ ॥২৩॥
ন গ্লানিরাসীৎ কর্ণস্য ক্ষিপতঃ সায়কান্ বহূন্।
রণে বিনিঘ্নতঃ শত্রূন্ ক্রুদ্ধস্যেব শতক্রতোঃ ॥২৪॥
অথ সাত্যকিরাগত্য কর্ণং বিদ্ধা শিতৈঃ শরৈঃ।
নবত্যা নবভিশ্চোগ্রৈঃ শতেন পুনরার্পয়ৎ ॥২৫॥

ভাবতকৌমুদী

তত ইতি। পাণ্ডবঃ অর্জ্জুনঃ। লঘুহস্ততাবাঃ পবিচযোঽযম্ ॥২১॥

হার্দ্দিক্যস্যেতি। হার্দ্দিক্যস্য কৃতবর্ম্মণঃ। ইষূন্ অস্যতি ক্ষিপত্যনেনেতি ইষ্বসনং ধনুঃ ॥২২॥

অথেতি। ত্রিভির্বিংশত্যা চ শবৈঃ। পার্থমর্জ্জুনঞ্চ পুনঃ পুনর্বিব্যাধেত্যনুষঙ্গঃ ॥২৩॥

নেতি। গ্লানিঃ শ্রমো নাসীৎ, বীবত্বাচ্চিরাভ্যাসাচ্চেতি ভাবঃ ॥২৪॥

অথেতি। শিতৈঃ সুধাবৈঃ। আর্পয়ৎ অপীডবৎ ॥২৫॥

উপবে নিক্ষেপ কবিলেন; তখন অশ্বত্থামা সেই বাণটাকে সাত খণ্ডে ছেদন কবিলেন ॥২০॥

তৎপবে অর্জ্জুন বাণদ্বাবা অশ্বত্থামাব ধনু ও অশ্বগুলিকে বিনাশ কবিয়া কৃপাচার্য্যেবও সেই অতিভীষণ ধনুখানা ছেদন কবিলেন ॥২১॥

পবে তিনি কৃতবর্ম্মাব ধনু ও ধ্বজ ছেদন কবিয়া অশ্বগুলিকে বধ কবিলেন, পরে দুঃশাসনেব ধনু ছেদন কবিযা কর্ণেব দিকে ধাবিত হইলেন ॥২২॥

তাহাব পব কর্ণ সাত্যকিকে পবিত্যাগ কবিযা ত্ববান্বিত হইযা তিন বাণে অর্জ্জুনকে বিদ্ধ কবিয়া বিংশতি বাণে কৃষ্ণকে বিদ্ধ করিলেন, পবে বাব বার অর্জ্জুনকে তাড়ন কবিতে লাগিলেন ॥২৩॥

ক্রুদ্ধ ইন্দ্রেব ন্যায যুদ্ধে শত্রুসংহাব ও বহুতব বাণক্ষেপ কবিতে থাকিলেও কর্ণেব কোন পবিশ্রম হয় নাই ॥২৪॥

তদনন্তব সাত্যকি আসিয়া সুধাব নিবান্নব্বইটা বাণে কর্ণকে বিদ্ধ কবিয়া পুনরায় ভীষণ একশত বাণে তাঁহাকে পীড়ন কবিলেন ॥২৫॥

---

(২৩)···বিদ্ধা বিব্যাধ সপ্তত্যা কৃষ্ণং পার্থং পুনস্ত্রিভিঃ—পি।

ততঃ প্রবীরাঃ পার্থানাং সর্বে কর্ণমপীড়য়ন্।
যুধামন্যুঃ শিখণ্ডী চ দ্রৌপদেয়াঃ প্রভদ্রকাঃ ॥২৬॥
উত্তমৌজা যুযুৎসুশ্চ যমৌ পার্ষত এব চ।
চেদিকারূষমৎস্যানাং কৈকেয়ানাঞ্চ যদ্বলম্ ॥২৭॥
চেকিতানশ্চ বলবান্ ধর্ম্মরাজশ্চ সুব্রতঃ।
এতে রথাশ্বদ্বিরদৈঃ পত্তিভিশ্চোগ্রবিক্রমৈঃ ॥২৮॥
পরিবার্য্য রণে কর্ণং নানাশস্ত্রৈরবাকিরন্।
ভাষন্তো বাগ্‌ভিরুগ্রাভিঃ সর্বে কর্ণবধে ধৃতাঃ ॥২৯॥ (কলাপকম্)
তাং শস্ত্রবৃষ্টিং বহুধা কর্ণশ্ছিত্ত্বা শিতৈঃ শরৈঃ।
অপোবাহাস্ত্রবীর্য্যেণ দ্রুমং ভঙ্‌ক্ত্বেব মারুতঃ ॥৩০॥
রথিনঃ সমহামাত্রান্ গজানশ্বান্ সসাদিনঃ।
পত্তিব্রাতাংশ্চ সংক্রুদ্ধো নিঘ্নন্ কর্ণো ব্যদৃশ্যত ॥৩১॥
তদ্বধ্যমানং পাণ্ডূনাং বলং কর্ণাস্ত্রতেজসা।
বিশস্ত্রক্ষতদেহন্তু প্রায় আসীৎ পরাঙ্মুখম্ ॥৩২॥

ভাবতকৌমুদী

তত ইতি। পার্থানাং পাণ্ডবানাং পক্ষীযাঃ। দ্রৌপদেযা দ্রৌপদ্যাঃ পুত্রাঃ। যমৌ নকুলসহদেবৌ, পার্ষতো ধৃষ্টদ্যুম্নঃ। সুব্রতঃ সুষ্ঠুধর্ম্মনিযমঃ। ধৃতাঃ কৃতযত্নাঃ ॥২৬—২৯॥

তামিতি। অপোবাহ অপসাবযামাস। শিক্ষানৈপুণ্যমেতৎ ॥৩০॥

বথিন ইতি। সমহামাত্রান্ চালকসহিতান্। সসাদিন আবোহিসহিতান্ ॥৩১॥

তদিতি। বিশস্ত্রং ক্ষীণশস্ত্রঞ্চ তৎ ক্ষতদেহঞ্চেতি তৎ, প্রাযো বহুলম্ ॥৩২॥

তৎপবে পাণ্ডবপক্ষেব প্রধান বীবেবা সকলেই কর্ণকে পীড়ন কবিতে লাগিলেন। যুধামন্যু, শিখণ্ডী, দ্রৌপদীব পুত্রগণ, প্রভদ্রকগণ, উত্তমৌজা, যুযুৎসু, নকুল, সহদেব, ধৃষ্টদ্যুম্ন এবং চেদি, কারূষ, মৎস্য ও কেকয়দেশীয় যে সৈন্য, আব বলবান্ চেকিতান ও ধর্ম্মনিষ্ঠ যুধিষ্ঠিব ইঁহাবা ভীষণ বিক্রমশালী হস্তী, অশ্ব, বথ ও পদাতিদ্বাবা পবিবেষ্টন কবিযা উগ্র বাক্য সকল বলিতে থাকিয়া সকলেই কর্ণবধে যত্নবান্ হইয়া নানাবিধ অস্ত্রদ্বাবা কর্ণকে পীড়ন কবিতে লাগিলেন ॥২৬—২৯॥

কর্ণ সুধাব বাণসমূহদ্বাবা বহুপ্রকাবে সেই অস্ত্রবৃষ্টি ছেদন কবিয়া—বায়ু যেমন বৃক্ষ ভগ্ন কবিয়া অপসাবিত কবে, সেইরূপ অস্ত্রবলে তাহা অপসাবিত করিলেন ॥৩০॥

ক্রমে দেখা গেল—কর্ণ ক্রুদ্ধ হইয়া বথী, চালকেব সহিত হস্তী, আবোহীব সহিত অশ্ব ও পদাতিদিগকে বধ কবিতেছেন ॥৩১॥

---

(২৭)···কেকয়ানাং সহদ্বলম্···পি। (৩০)···দ্রুমং ভঙ্‌ক্ত্বেব···বঙ্গ বর্দ্ধ বা সো।

অথ কর্ণাস্ত্রমস্ত্রেণ প্রতিহত্যার্জুনঃ স্ময়ন্।
দিশঃ খঞ্চৈব ভূমিঞ্চ প্রাবৃণোচ্ছরবৃষ্টিভিঃ ॥৩৩॥
মুসলানীব সংপেতুঃ পরিঘা ইব চেষবঃ।
শতঘ্ন্য ইব চাপ্যন্যে বজ্রাণ্যুগ্রাণি চাপরে ॥৩৪॥
তৈর্বধ্যমানং তৎ সৈন্যং সপত্ত্যশ্বরথদ্বিপম্।
নিমীলিতাক্ষমত্যর্থং বভ্রাম চ ননাদ চ ॥৩৫॥
নিষ্কৈবল্যং তদা যুদ্ধং প্রাপুরশ্বনরদ্বিপাঃ।
হন্যমানাঃ শরৈরার্ত্তাস্তদা ভীতাঃ প্রদুদ্রুবুঃ ॥৩৬॥
ত্বদীয়ানাং তদা যুদ্ধে সংসক্তানাং জয়ৈষিণাম্।
গিরিমস্তং সমাসাদ্য প্রত্যপদ্যত ভানুমান্ ॥৩৭॥

ভারতকৌমুদী

অথেতি। স্ময়ন্ স্ময়মান ঈষদ্ধসন্। খমাকাশম্ ॥৩৩॥
মুসলানীতি। ইষবঃ অর্জ্জুনস্য বাণাঃ। উগ্রাণি বজ্রাণীবেত্যর্থঃ ॥৩৪॥
তৈবিতি। তৎ কুরুপক্ষীয়ম্। নিমীলিতাক্ষং ভয়েন মুদ্রিতনয়নম্ ॥৩৫॥
নিবিতি। নির্ন বিদ্যতে কৈবল্যং প্রহারান্মুক্তির্যস্মিন্ তৎ। প্রদুদ্রুবুঃ পলায়াঞ্চক্রিরে ॥৩৬॥
ত্বদীয়ানামিতি। সংসক্তানাং ব্যাপৃতানাম্। প্রত্যপদ্যত প্রাপ্নোৎ, ভানুমান্ সূর্য্যঃ ॥৩৭॥

কর্ণের অস্ত্রের তেজে সেই পাণ্ডবসৈন্য নিহত হইতে লাগিলে, প্রায় সৈন্যই অস্ত্রহীন ও ক্ষতদেহ হইয়া পরাঙ্মুখ হইতে লাগিল ॥৩২॥

তাহার পর অর্জ্জুন মৃদু হাস্য করতঃ অস্ত্রদ্বারা কর্ণের অস্ত্র প্রতিহত করিয়া বাণ বর্ষণপূর্ব্বক দিক্, আকাশ ও ভূমি আবৃত করিয়া ফেলিলেন ॥৩৩॥

অর্জ্জুনের কতকগুলি বাণ মুসলের ন্যায়, কতকগুলি পরিঘের তুল্য, কতকগুলি শতঘ্নীর সমান এবং কতকগুলি ভীষণ বজ্রের সদৃশ পতিত হইতে থাকিল ॥৩৪॥

অর্জ্জুনের সেই সকল বাণে হস্তী, অশ্ব, রথ ও পদাতির সহিত সেই কৌরবসৈন্য নিহত হইতে থাকিয়া মুদ্রিতনয়ন হইয়া অত্যন্ত আর্ত্তনাদ ও ভ্রমণ করিতে লাগিল ॥৩৫॥

তখন কুরুপক্ষের হস্তী, অশ্ব ও মনুষ্যেরা সে যুদ্ধে প্রহার হইতে মুক্তি পাইল না। সুতরাং অর্জ্জুনের বাণে নিহত, পীড়িত ও ভীত হইয়া পলায়ন করিতে থাকিল ॥৩৬॥

মহারাজ! তখন আপনার পক্ষের যোদ্ধারা জয়াভিলাষী হইয়া আবার যুদ্ধে ব্যাপৃত হইলে, সূর্য্য ক্রমে যাইয়া অস্তাচলে গমন করিলেন ॥৩৭॥

---

(৩৫)…সহত্ত্যশ্বরথধ্বজম্…পি।

তমসা চ মহারাজ! রজসা চ বিশেষতঃ।
ন কিঞ্চিৎ প্রত্যপশ্যাম শুভং বা যদি বাশুভম্ ॥৩৮॥
তে ত্রস্যন্তো মহেম্বাসা রাত্রিযুদ্ধস্য ভারত!।
অপযানং ততশ্চক্রুঃ সহিতাঃ সর্বযোধিভিঃ ॥৩৯॥
কৌরবেষ্বপযাতেষু তদা রাজন্! দিনক্ষয়ে।
জয়ং সুমনসঃ প্রাপ্য পার্থাঃ স্বশিবিরং যযুঃ ॥৪০॥
বাদিত্রশব্দৈর্বিবিধৈঃ সিংহনাদৈঃ সগর্জিতৈঃ।
পরানুপহসন্তশ্চ স্তবন্তশ্চাচ্যুতার্জ্জুনৌ ॥৪১॥
কৃতেঽবহারে তৈর্বীরৈঃ সৈনিকাঃ সর্ব এব তে।
আশীর্বাচঃ পাণ্ডবেষ্ প্রাযুজ্যন্ত নরেশ্বরাঃ ॥৪২॥ (যুগ্মকম্)
ততঃ কৃতেঽবহারে চ প্রহৃষ্টাস্তত্র পাণ্ডবাঃ।
নিশাযাং শিবিরং গত্বা ন্যবসন্ত নরেশ্বরাঃ ॥৪৩॥

ভাবতকৌমুদী

তমসেতি। তমসা সন্ধ্যান্ধকাবেণ, বজসা সৈন্যোত্থাপিতধূলিজালেন ॥৩৮॥
ত ইতি। ত্রস্যন্তঃ, দ্রোণযুদ্ধ এব তদ্দুর্ভোগানুভবাদিতি ভাবঃ ॥৩৯॥
কৌববেষ্বিতি। জয়ং প্রাপ্য সত্যসেনাদিবধাৎ, সুমনসঃ প্রহৃষ্টচিত্তাঃ ॥৪০॥
বাদিত্রেতি। স্তবন্তঃ প্রশংসন্তঃ। অবহাবে তদ্দিনযুদ্ধসমাপ্তৌ ॥৪১—৪২॥
তত ইতি। প্রহৃষ্টা জযলাভাৎ। নবেশ্ববা অপবে বাজানশ্চ ॥৪৩॥

মহারাজ! ক্রমে আমবা সন্ধ্যাকালেব অন্ধকাবে, বিশেষতঃ যুদ্ধেব ধূলিবাশিতে ভাল বা মন্দ কিছুই দেখিতে পাইলাম না ॥৩৮॥

ভবতনন্দন! পবে কুরুপক্ষেব সেই মহাধনুর্দ্ধবেবা পুনবায় বাত্রিযুদ্ধেব ভয় কবিয়া সমস্ত যোদ্ধাদেব সহিত অপসবণ কবিলেন ॥৩৯॥

রাজা! সেই সন্ধ্যাকালে কৌববেবা অপসবণ কবিলে, পাণ্ডবেবাও জয় লাভ করিয়া আনন্দিত হইয়া আপন শিবিবে গমন কবিলেন ॥৪০॥

সেই বীরেবা সে দিনেব যুদ্ধ সমাপ্ত কবিলে, সেই সকল সৈন্য ও রাজাবা বিপক্ষগণের প্রতি উপহাস এবং কৃষ্ণ ও অর্জ্জুনেব প্রশংসা কবিতে থাকিয়া নানাবিধ বাদ্যধ্বনি, সিংহনাদ ও গর্জনেব সহিত পাণ্ডবগণেব প্রতি আশীর্ব্বাদ কবিতে লাগিলেন ॥৪১—৪২॥

উভয় পক্ষই সে দিনেব যুদ্ধ সমাপ্ত কবিলে, পাণ্ডবেবা ও সেই পক্ষের রাজারা হৃষ্টচিত্ত হইয়া শিবিবে যাইয়া বাত্রিকালে বাস কবিতে থাকিলেন ॥৪৩॥

---

(৩৯) তে ত্রসন্তো মহেম্বাসাঃ···পি।

ততো রক্ষঃপিশাচাশ্চ শ্বাপদাশ্চৈব সংঘশঃ।
জগ্মুরায়োধনং ঘোরং রুদ্রস্যাক্রীড়সন্নিভম্ ॥৪৪॥
ইতি শ্রীমহাভারতে শতসাহস্র্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং কর্ণপর্ব্বণি
কর্ণস্য প্রথমদিনযুদ্ধং নাম চতুর্বিংশোঽধ্যায়ঃ ॥০॥ *

পঞ্চবিংশোঽধ্যায়ঃ।

ধৃতরাষ্ট্র উবাচ।
স্বেন চ্ছন্দেন নঃ সর্বানবধীদ্ব্যক্তমর্জ্জুনঃ।
ন হ্যস্য সমরে মুচ্যেদন্তকোঽপ্যাততায়িনঃ ॥১॥

ভারতকৌমুদী

তত ইতি। শ্বাপদা হিংস্রাঃ। আযোধনং রণস্থলম্। আক্রীড়সন্নিভং খেলাস্থানতুল্যম্ ॥৪৪॥
ইতি মহামহোপাধ্যায-ভারতাচার্য্য-শ্রীহরিদাসসিদ্ধান্তবাগীশভট্টাচার্য্যবিরচিতাযাং মহাভারত-টীকাযাং ভারতকৌমুদীসমাখ্যাযাং কর্ণপর্ব্বণি চতুর্বিংশোঽধ্যাযঃ ॥০॥

অহো সৎপুরুষঃ খল্বর্জ্জুনঃ স্বেচ্ছযা ভীমাদিপ্রবোচনযা বা ঈদৃশং কদনমকার্ষীদিতি পর্য্যালোচযন্ স্বযমেব সমাধত্তে স্বেনেতি। অর্জ্জুনঃ ব্যক্তং স্পষ্টম্, স্বেন চ্ছন্দেন অভিপ্রাযেণ ইচ্ছযৈব, "অভিপ্রাযশ্ছন্দ আশযঃ" ইত্যমরঃ, নঃ অস্মাকম্, সর্বান্ জযদ্রথাদীনবধীৎ, অভিমন্যুবধজনিতক্রোধাদিতি ভাবঃ। অথ তে বীরাঃ স্বযং কথমর্জ্জুনান্ন মুক্তা ইত্যাহ নেতি। হি যস্মাৎ, স্বযমন্তকো যমোঽপি, আততাযিনঃ শস্ত্রপাণেঃ, অস্য অর্জ্জুনস্য সমরে ন মুচ্যেৎ মুচ্যেত।
"অগ্নিদো গরদশ্চৈব শস্ত্রপাণির্ধনাপহঃ। ক্ষেত্রদারাপহারী চ ষডেতে আততাযিনঃ॥" ইতি শ্রীধরস্বামিধৃতং বচনম্ ॥১॥

ভারতভাবদীপঃ

তত ইতি ॥১—৭॥ লবণজলঃ ক্ষারসমুদ্রঃ ॥৮॥ ত্রিদশবরাবরজোপমং বিষ্ণুতুল্যম্ ॥৯—১২॥ সূতাবাগতৌ ॥১৩—৩৫॥ নিষ্কৈবল্যং নিশ্চিতং কৈবল্যং মরণং যস্মিংস্তত্তথা ॥৩৬॥ প্রত্যপদ্যত প্রবিষ্টঃ ॥৩৭—৪৪॥
ইতি কর্ণপর্ব্বণি নৈলকণ্ঠীযে ভারতভাবদীপে চতুর্বিংশোঽধ্যাযঃ ॥২৪॥

তদনন্তর রাক্ষস, পিশাচ ও হিংস্র জন্তরা দলে দলে রুদ্রের খেলাস্থানের তুল্য সেই ভয়ঙ্কর রণস্থলে আগমন করিতে লাগিল ॥৪৪॥

* '...ত্রিংশত্তমোঽধ্যাযঃ' পি বঙ্গ বর্দ্ধ সো, '...একত্রিংশোঽধ্যাযঃ' বা। (১) স্বেন চ্ছন্দেন বঃ সর্ব্বান্...সমরে মুচ্যেৎ...বর্দ্ধ।

পার্থশ্চৈকোঽহরদ্ভদ্রামেকশ্চাগ্নিমতর্পয়ৎ।
একশ্চেমাং মহীং জিত্বা চক্রে বলিভৃতো নৃপান্ ॥২॥
একো নিবাতকবচানহনদ্দিব্যকার্ম্মুকঃ।
একঃ কিরাতরূপেণ স্থিতং শর্বমযোধয়ৎ ॥৩॥
একো হ্যরক্ষদ্ভরতানেকো ভবমতোষয়ৎ।
তেনৈকেন জিতাঃ সর্ব্বে মহীপা হ্যগ্রতেজসা ॥৪॥
ন তে নিন্দ্যাঃ প্রশস্যাস্তে যত্তে চক্রুর্ব্রবীহি তৎ।
ততো দুর্য্যোধনঃ সূত। পশ্চাৎ কিমকরোত্তদা ॥৫॥

ভাবতকৌমুদী

তদ্যুক্ত্যসম্ভবত্বং দর্শয়তি ত্রিভিঃ পার্থ ইতি। ভদ্রাং সুভদ্রাম্। অতর্পয়ৎ খাণ্ডবদাহেন। জিত্বা রাজসূয়াৎ প্রাক্, বলিভৃতঃ করদাতৄন্ ॥২॥

এক ইতি। অহনৎ স্বর্গস্থিতিকালে। শর্বং শিবমযোধয়ৎ তপস্যাসময়ে ॥৩॥

এক ইতি। ভরতান্ দুর্য্যোধনাদীন্, অরক্ষৎ ঘোষযাত্রায়াং গন্ধর্বহস্তাৎ, ভবং শিবম্, অতোষয়ৎ তপস্যাকালে যুদ্ধেন। জিতা জয়দ্রথবধদিবসে ॥৪॥

নেতি। তে পাণ্ডবাঃ। তে পাণ্ডবাঃ, চক্রুঃ অবহারাৎ পরম্। হে সূত! সঞ্জয়! ॥৫॥

ভাবতভাবদীপঃ

স্বেনেতি। স্বেন ছন্দেন ইচ্ছয়া, আততায়িনঃ শস্ত্রপাণেঃ ॥১॥ ভদ্রাং সুভদ্রাম্, বলিভৃতঃ করদান্ ॥২—৩॥ অরক্ষত ঘোষযাত্রায়াম্, ভরতান্ দুর্য্যোধনাদীন্ ॥৪॥ তে অস্মদীয়া ন নিন্দ্যাঃ তেশব্দস্যাভ্যাসাদ্বাক্যত্রয়মিদম্। তথা দুর্য্যোধনোঽপি ন নিন্দ্যঃ অপি তু ততঃ বিস্তৃতঃ তাদৃশ

ধৃতরাষ্ট্র বলিলেন—'নিশ্চয়ই অর্জ্জুন আপন ইচ্ছায় আমাদের সকলকে বধ করিয়াছেন। কারণ, অস্ত্রধারী অর্জ্জুনের যুদ্ধে যমও আত্মরক্ষা করিতে পারেন না ॥১॥

অর্জ্জুন একাকী সুভদ্রাকে হরণ করিয়াছেন, একাকী খাণ্ডবদাহে অগ্নিদেবকে সন্তুষ্ট করিয়াছেন এবং একাকী এই পৃথিবী জয় করিয়া রাজগণকে করদাতা করিয়াছেন ॥২॥

স্বর্গীয়কার্ম্মুকধারী অর্জ্জুন একাকী নিবাতকবচদিগকে বধ করিয়াছেন এবং একাকী কিরাতরূপী মহাদেবের সহিত যুদ্ধ করিয়াছেন ॥৩॥

একাকী অর্জ্জুন ঘোষযাত্রার সময়ে দুর্য্যোধনপ্রভৃতিকে রক্ষা করিয়াছেন, একাকী যুদ্ধ করিয়া শিবকে সন্তুষ্ট করিয়াছেন এবং জয়দ্রথবধের দিন তিনি একাকী ভয়ঙ্কর তেজে সকল রাজাকে জয় করিয়াছেন ॥৪॥

অতএব সঞ্জয়! পাণ্ডবেরা নিন্দনীয় নহেন, তাঁহারা প্রশংসনীয়ই বটেন। সে

---

(৪)…যদীয়া হ্যগ্রতেজসঃ—পি। (৫)…প্রশস্যাশ্চ…পি।

সঞ্জয় উবাচ।

হতপ্রহতবিধ্বস্তা বিবর্ম্মায়ুধবাহনঃ।
দীনস্বরা দূয়মানা মানিনঃ শত্রুনির্জ্জিতাঃ ॥৬॥
শিবিরস্থাঃ পুনর্মন্ত্রং মন্ত্রযন্তি স্ম কৌরবাঃ।
ভগ্নদংষ্ট্রা হতবিষাঃ পাদাক্রান্তা ইবোরগাঃ ॥৭॥ (যুগ্মকম্)
তানব্রবীত্ততঃ কর্ণঃ ক্রুদ্ধঃ সর্প ইব শ্বসন্।
করং করেণ নিষ্পীড্য প্রেক্ষমাণস্তবাত্মজম্ ॥৮॥
যত্তো দৃঢ়শ্চ দক্ষশ্চ ধৃতিমানর্জ্জুনঃ সদা।
সংবোধয়তি চাপ্যেনং যথাকালমধোক্ষজঃ ॥৯॥
সহসাস্ত্রবিসর্গেণ বয়ং তেনাদ্য বঞ্চিতাঃ।
শ্বস্ত্বহং তস্য সঙ্কল্পং সর্ব্বং হন্তা মহীপতে। ॥১০॥

ভাবতকৌমুদী

হতেতি। হতাঃ প্রহৃতাশ্চ প্রহতা আহতাশ্চ বিধ্বস্তা ভগ্নাঙ্গাঃ কৃতাশ্চ তে, বিগতানি বর্ম্মাণি আয়ুধানি বাহনানি চ যেষাং তে। দীনস্বরাঃ কাতরকণ্ঠাঃ, দূয়মানা অন্তরেহপি সন্তপ্যমানাঃ। দীনস্বরত্বাদৌ হেতুঃ শত্রুনির্জ্জিতা ইতি। মন্ত্রয়ন্তি কুর্ব্বন্তি। ভগ্না দংষ্ট্রা বিষদন্তা যেষাং তে ॥৬—৭॥

তানিতি। আত্মজং প্রাধান্যাদুপস্থিতত্বাচ্চ দুর্য্যোধনম্ ॥৮॥

যত্ত ইতি। যত্তো জয়ে যত্নবান্। ধৃতিমান্ ধৈর্য্যশীলঃ। সংবোধয়তি উপদিশতি ॥৯॥

সহসেতি। অস্ত্রাণাং বিসর্গেণ ক্ষেপেণ। বঞ্চিতা জয়াৎ। শ্বঃ পরদিনে ॥১০॥

যাহা হউক, তৎপরে তাঁহারা যাহা করিয়াছিলেন এবং পরে দুর্য্যোধনই বা কি করিয়াছিলেন, তাহা বল' ॥৫॥

সঞ্জয় বলিলেন—'মহারাজ! প্রহৃত, আহত, ভগ্নাঙ্গ, বর্ম্মশূন্য, নিরস্ত্র, বাহনরহিত, কাতরকণ্ঠ, সন্তপ্তচিত্ত, অভিমানী ও শত্রুপরাজিত কৌরবেরা ভগ্নদন্ত ও হতবিষ পদাহত সর্পের ন্যায় শিবিরে থাকিয়া পুনরায় মন্ত্রণা করিতে লাগিলেন ॥৬-৭॥

তাহার মধ্যে কর্ণ ক্রুদ্ধ অবস্থায় সর্পের ন্যায় নিশ্বাস ত্যাগ করিতে থাকিয়া হস্তে হস্ত নিষ্পেষণ করিয়া দুর্য্যোধনের দিকে চাহিয়া তাঁহাদিগকে বলিলেন—॥৮॥

'মহারাজ! অর্জ্জুন সর্ব্বদাই জয়ে যত্নবান্ থাকে; বিশেষতঃ সে—দৃঢ়শরীর, যুদ্ধনিপুণ এবং ধৈর্য্যশীল; তাহাতে আবার কৃষ্ণ যথাসময়ে উহাকে উপদেশ দিয়া থাকেন ॥৯॥

(৬) হতপ্রহতবিধ্বস্ত···বর্দ্ধ বা সো। (৮)···করং করেণাভিপীড্য···পি। (৯)··· প্রাপ্তকালমধোক্ষজঃ—পি।

এবমুক্তস্তথেত্যুক্ত্বা সোঽনুজজ্ঞে নৃপোত্তমান্।
তেঽনুজ্ঞাতা নৃপাঃ সর্ব্বে স্বানি বেশ্মানি ভেজিরে ॥১১॥
সুখোষিতাস্তে রজনীং হৃষ্টা যুদ্ধায় নির্যযুঃ।
তেঽপশ্যন্ বিহিতং ব্যূহং ধর্ম্মরাজেন দুর্জয়ম্।
প্রযত্নাৎ কুরুমুখ্যেন বৃহস্পত্যুশনোমতম্ ॥১২॥
অথ প্রতীপকর্ত্তারং প্রবীরং পরবীরহা।
সস্মার বৃষভস্কন্ধং কর্ণং দুর্য্যোধনস্তদা ॥১৩॥
পুরন্দরসমং যুদ্ধে মরুদ্গণসমং বলে।
কার্ত্তবীর্য্যসমং বীর্য্যে কর্ণং রাজ্ঞোঽগমন্মনঃ ॥১৪॥
সর্ব্বেষামেব সৈন্যানাং কর্ণমেবাগমন্মনঃ।
সূতপুত্রং মহেষ্বাসং বন্ধুমাত্যয়িকেষ্বিব ॥১৫॥

ভাবতকৌমুদী

এবমিতি। স দুর্য্যোধনঃ। বেশ্মানি শিবিবগৃহাণি, ভেজিবে গতাঃ ॥১১॥
সুখেতি। নির্যযুঃ প্রভাতে। বৃহস্পতেরুশনসঃ শুক্রস্য চ মতমভিমতম্। ষট্পাদঃ ॥১২॥
অথেতি। প্রতীপকর্ত্তাবম্ অর্জ্জুনস্য প্রতিকুলকার্য্যকবণক্ষমম্ ॥১৩॥
পুবেতি। মরুদ্গণসমং বায়ুসমূহতুল্যম্। বীর্য্যে বিক্রমে, বাজ্ঞো দুর্য্যোধনস্য ॥১৪॥

ভাবতভাবদীপঃ

শক্রং প্রাপ্য খ্যাতিং গত ইত্যর্থঃ ॥৫॥ হতাস্তাডিতাঃ, প্রহৃতাশ্ছিন্নাবযবাঃ, বিধ্বস্তাঃ বাহনেভ্যোঽধঃপাতিতাঃ ॥৬—৯॥ সহসা অকস্মাৎ ॥১০—১১॥ মতে স্থিতেনেতি শেষঃ

সুতরাং রাজা। সে আজ আমাদেব অতর্কিতভাবে অস্ত্রক্ষেপ কবিয়া আমাদিগকে বঞ্চনা কবিয়াছে। কিন্তু আমি কল্য তাহাব সঙ্কল্প নষ্ট কবিব' ॥১০॥

কর্ণ এইরূপ বলিলে, দুর্য্যোধন 'তাহাই হউক' এই কথা বলিয়া বিশ্রাম করিবার জন্য বাজগণকে আদেশ কবিলেন এবং বাজাবা সকলেও দুর্য্যোধনের আদেশ পাইয়া আপন আপন গৃহে গমন কবিলেন ॥১১॥

তাঁহাবা বাত্রিতে সুখে বাস করিয়া প্রভাতকালে হৃষ্টচিত্তে যুদ্ধার্থ নির্গত হইলেন এবং নির্গত হইয়া যাইযা দেখিলেন—কৌববশ্রেষ্ঠ যুধিষ্ঠির যত্নপূর্ব্বক বৃহস্পতি ও শুক্রাচার্য্যেব অভিমত দুর্জয় ব্যূহ বচনা কবিযাছেন ॥১২॥

তাহার পব তখনই বিপক্ষবীবহন্তা দুর্য্যোধন—অর্জ্জুনেব প্রতিকূল কার্য্য করিতে সমর্থ, প্রধান বীর ও বৃষতুল্যস্কন্ধ কর্ণকে স্মরণ করিলেন ॥১৩॥

দুর্য্যোধনেব মন তখন যুদ্ধে ইন্দ্রেব তুল্য নিপুণ, বলে বায়ুব সমান এবং পরাক্রমে কার্ত্তবীর্য্যার্জ্জুনেব সদৃশ কর্ণেব প্রতি গমন কবিল ॥১৪॥

---

(১৩) অথ প্রতীপকর্ত্তাবং সততং বিজিতাত্মনাম্···পি।

ধৃতরাষ্ট্র উবাচ।

যদ্বোঽগমন্মনো মন্দাঃ! কর্ণং বৈকর্ত্তনং প্রতি।
অপ্যপশ্যত রাধেয়ং শীতার্ত্তা ইব ভাস্করম্ ॥১৬॥
কৃতেঽবহারে সৈন্যানাং প্রবৃত্তে চ রণে পুনঃ।
কথং বৈকর্ত্তনঃ কর্ণস্তত্রাযুধ্যত সঞ্জয়! ॥১৭॥
কথঞ্চ পাণ্ডবাঃ সর্ব্বে যুযুধুস্তত্র সূতজম্।
কর্ণো হ্যেকো মহাবাহুর্হন্যাৎ পার্থান্ সসৃঞ্জয়ান্ ॥১৮॥
কর্ণস্য ভুজয়োর্বীর্য্যং শক্রবিষ্ণুসমং যুধি।
তস্য শস্ত্রাণি ঘোরাণি বিক্রমশ্চ মহাত্মনঃ ॥১৯॥
কর্ণমাশ্রিত্য সংগ্রামে যত্তো দুর্য্যোধনো নৃপঃ।
দুর্য্যোধনং ততো দৃষ্ট্বা পাণ্ডবেন ভৃশার্দ্দিতম্ ॥২০॥

ভারতকৌমুদী

সর্ব্বেষামিতি। মহেষ্বাসং মহাধনুর্দ্ধরম্, আত্যয়িকেষু বিপদ্ব্যাপারেষু ॥১৫॥
যদিতি। বো যুষ্মাকম্। হে মন্দা মূর্খাঃ। ইন্দ্রদত্তশক্তিসত্ত্বে তদগমনাদিতি ভাবঃ ॥১৬॥
কৃত ইতি। অবহারে পূর্ব্বদিনযুদ্ধসমাপ্তৌ। বৈকর্ত্তনশব্দব্যুৎপত্তিঃ প্রাগুক্তা ॥১৭॥
কথমিতি। সূতজং কর্ণম্। পার্থান্ পাণ্ডবান্ ॥১৮॥
কর্ণস্যেতি। শক্রবিষ্ণুসমম্ ইন্দ্রবিষ্ণুবাহুবীর্য্যতুল্যম্। বিক্রমশ্চ ঘোরঃ ॥১৯॥

এমন কি, বিপদের সময়ে বন্ধুর প্রতি লোকের মন যেমন গমন করে, তেমন সমস্ত সৈন্যের মনই মহাধনুর্দ্ধর সূতপুত্র কর্ণের প্রতি গমন করিল ॥১৫॥

ধৃতরাষ্ট্র বলিলেন—মূর্খগণ! তোমাদের মন যে বৈকর্ত্তন কর্ণের প্রতি গিয়াছিল, তাহাতে শীতার্ত্তেরা যেমন সূর্য্যকে দেখিতে পায়, তেমন তোমরা সে কর্ণকে দেখিতে পাইয়াছিলে কি? ॥১৬॥

সঞ্জয়! পূর্ব্বদিন যুদ্ধ সমাপ্ত করিলে, আবার সৈন্যগণের যুদ্ধ আরম্ভ হইলে, তখন বৈকর্ত্তন কর্ণ কি প্রকার যুদ্ধ করিয়াছিলেন? ॥১৭॥

পাণ্ডবেরা সকলেই বা তখন কর্ণের সহিত কিপ্রকার যুদ্ধ করিয়াছিল? মহাবাহু এক কর্ণই ত সৃঞ্জয়গণের সহিত পাণ্ডবগণকে বধ করিতে পারিতেন ॥১৮॥

কর্ণের বাহুবল যুদ্ধে ইন্দ্র ও বিষ্ণুর বাহুবলের তুল্য ছিল এবং সেই মহাত্মার অস্ত্র ও বিক্রম ভয়ঙ্কর ছিল ॥১৯॥

---

(১৭)···প্রত্যযুধ্যত সঞ্জয়!···পি। (২০)···মত্তো দুর্য্যোধনো নৃপঃ···বা সো। অত্র পুস্তকভেদ এব পাঠভেদঃ।

পরাক্রান্তান্ পাণ্ডুসুতান্ দৃষ্ট্বা চাপি মহারথঃ।
কর্ণমাশ্রিত্য সংগ্রামে মন্দো দুর্য্যোধনঃ পুনঃ ॥২১॥
জেতুমুৎসহতে পার্থান্ সপুত্রান্ সহকেশবান্।
অহোবত মহদ্দুঃখং যত্র পাণ্ডুসুতান্ রণে ॥২২॥
নাতরদ্রভসঃ কর্ণো দৈবং নূনং পরায়ণম্।
অহো দ্যূতস্য নিষ্ঠেয়ং ঘোরা সংপ্রতি বর্ত্ততে ॥২৩॥ (কলাপকম্)
অহো তীব্রাণি দুঃখানি দুর্য্যোধনকৃতান্যহম্।
সোঢ়া ঘোরাণি বহুশঃ শল্যভূতানি সঞ্জয়! ॥২৪॥
সৌবলঞ্চ তদা তাত! নীতিমানিতি মন্যতে।
কর্ণশ্চ রভসো নিত্যং রাজানঞ্চাপ্যনুব্রতঃ ॥২৫॥

ভারতকৌমুদী

কর্ণমিতি। যত্তো জয়ে যত্নবানাসীৎ। পাণ্ডবেন যুধিষ্ঠিবেণ। মহাবথঃ কর্ণঃ কিম-কবোদিতি শেষঃ। মন্দো মূর্খঃ, শক্ত্যজ্ঞানাৎ। উৎসহতে ইচ্ছতি স্ম। অহোবতেত্যেক-মেবাব্যয়ং মহাখেদে। যত্র যেন হেতুনা। বভসো বেগবানপি। পবাযণং প্রবলো হেতুঃ। নিষ্ঠা ফলম্ ॥২০—২৩॥

অহো ইতি। সোঢ়া সহে। শল্যভূতানি গাত্রপ্রবিষ্টশঙ্কুকৃতদুঃখতুল্যানি ॥২৪॥

সৌবলমিতি। মন্যতে দুর্য্যোধনঃ। বভসো বেগবান্, বাজানং দুর্য্যোধনম্ ॥২৫॥

ভাবতভাবদীপঃ

॥১২॥ প্রতীপকর্ত্তাবং শত্রূণাং ছেত্তাবম্, প্রববং প্রকৃষ্টং বীবম্ ॥১৩—১৪॥ আত্যযিকেষু প্রাণসঙ্কটেষু ॥১৫॥ অপ্যপশ্যত অপিঃ প্রশ্নে ॥১৬—১৯॥ মন্তঃ কর্ণাশ্রযেণ, মূঢ়ঃ ভাবিনাশা-নবধানাৎ ॥২০—২২॥ নিষ্ঠা বিপাকঃ ॥২৩—২৪॥ কর্ণশ্চ নীতিমানিতি মন্যত ইতি পূর্ব্বেণান্বয়ঃ

রাজা দুর্য্যোধন যুদ্ধে কর্ণকে অবলম্বন কবিযা জয়ে যত্নবান্ ছিলেন; তাহার পর যুধিষ্ঠিব দুর্য্যোধনকে গুরুতর পীড়ন কবিযাছে দর্শন কবিয়া এবং পবাক্রমশালী অপব পাণ্ডবদিগকে দেখিযা মহাবথ কর্ণ কি করিলেন? হাষ! মূর্খ দুর্য্যোধনটা আবাব যুদ্ধে কর্ণকে আশ্রয় কবিয়া পুত্রগণ ও কৃষ্ণেব সহিত পাণ্ডবগণকে জয় কবিবাব ইচ্ছা কবিত। ওঃ কি গুরুতব দুঃখ, যে হেতু কর্ণ বেগবান্ হইয়াও যুদ্ধে পাণ্ডবগণকে উত্তীর্ণ হইতে পাবিলেন না; নিশ্চযই এ বিষযে দৈব প্রবল কাবণ। হায়! বর্ত্তমান সময়ে সেই দ্যূতক্রীড়াব দারুণ ফল চলিতেছে ॥২০—২৩॥

সঞ্জয়! অঙ্গে শল্য (পেবেক) প্রবেশ কবিলে যেরূপ দুঃখ হয়, সেইরূপ দুর্য্যো-ধনকৃত বহুতব তীব্র ও দারুণ দুঃখ আমি সহ্য কবিয়া আসিতেছি ॥২৪॥

বৎস সঞ্জয়! দুর্য্যোধন তখন শকুনিকে নীতিজ্ঞ বলিয়া মনে করিত এবং বেগবান্ কর্ণও সর্ব্বদাই দুর্য্যোধনেব অনুকূল ছিলেন ॥২৫॥

যদেবং বর্ত্তমানেষু মহাযুদ্ধেষু সঞ্জয় ! ।
অশ্রৌষং নিহতান্ পুত্রান্ নিত্যমেব চ নির্জ্জিতান্ ॥২৬॥
ন পাণ্ডবানাং সমরে কশ্চিদস্তি নিবারকঃ।
স্ত্রীমধ্যমিব গাহন্তে দৈবন্তু বলবত্তরম্ ॥২৭॥ (যুগ্মকম্)

সঞ্জয় উবাচ।

রাজন্ ! পূর্ব্বনিমিত্তানি ধর্ম্মিষ্ঠানি বিচিন্তয়।
অতিক্রান্তং হি যৎ কার্য্যং পশ্চাচ্চিন্তয়তে নরঃ।
তচ্চাস্য ন ভবেৎ কার্য্যং চিন্তয়া চ বিনশ্যতি ॥২৮॥
তদিদং তব কার্য্যন্তু দূরপ্রাপ্তং বিজানতা।
ন কৃতং যত্ত্বয়া পূর্ব্বং প্রাপ্তাপ্রাপ্তবিচারণম্ ॥২৯॥

ভারতকৌমুদী

যদিতি। নিহতান্ কাংশ্চিৎ। নির্জ্জিতাংশ্চ কাংশ্চিৎ। ততো মন্যে নেতি। গাহন্তে প্রবিশন্তি পাণ্ডবা অস্মৎসৈন্যমিতি শেষঃ। তত্র সমাধত্তে দৈবমিতি ॥২৬—২৭॥

রাজন্নিতি। হে রাজন্। পূর্ব্বনিমিত্তানি ভীষ্মপাতনাদীনি তব প্রাক্তনদুঃখকারণানি, ধর্ম্মিষ্ঠানি পাণ্ডবানাং ধর্ম্মসঙ্গতানীতি বিচিন্তয়, আততায়িপক্ষহননাদিত্যাশয়ঃ। নরঃ অতিক্রান্তং যৎ কার্য্যং পশ্চাচ্চিন্তয়তে, অস্য নরস্য তৎ কার্য্যঞ্চ ন ভবেৎ তদানীং পুনর্নাগচ্ছেৎ, তস্য চিন্তয়া চ স নরো বিনশ্যতি নষ্টশান্তির্ভবতি। অতস্তচ্চিন্তাং পরিহরেত্যভিপ্রায়ঃ। ষট্-পাদোঽয়ং শ্লোকঃ ॥২৮॥

তদিতি। ইদং তৎ পাণ্ডবানাং রাজ্যহরণরূপং তব কার্য্যম্, দূরপ্রাপ্তং দূরগতমতীবাসম্ভবমিত্যর্থঃ, ইতি বিজানতাপি ত্বয়া পূর্ব্বং যৎ প্রাপ্তাপ্রাপ্তবিচারণং ন্যায্যান্যায্যপর্য্যালোচনম্, ন কৃতম্, তস্যেদং ফলমনুভূয়ত ইতি শেষঃ ॥২৯॥

তথাপি বর্ত্তমান মহাযুদ্ধে এইরূপ যে প্রত্যহই কতিপয় পুত্রকে নিহত এবং কতিপয় পুত্রকে নির্জ্জিত শুনিয়া আসিতেছি, তাহাতে মনে করি—আমার পক্ষের কোন লোকই যুদ্ধে পাণ্ডবগণকে নিবারণ করিতে পারে না। সুতরাং পাণ্ডবেরা স্ত্রীমধ্যের ন্যায় আমার সৈন্যমধ্যে প্রবেশ করে। হায়! এ বিষয়ে দৈবই প্রবল কারণ' ॥২৬—২৭॥

সঞ্জয় বলিলেন—'রাজা! আপনি ভাবিয়া দেখুন যে, আপনার দুঃখের পূর্ব্ববর্ত্তী কারণগুলি পাণ্ডবদের পক্ষে ধর্ম্মসঙ্গতই হইয়াছে। সে যাহা হউক, মানুষ অতীত কার্য্যের বিষয় পরে যে চিন্তা করে, তাহাতে তাহার সে কার্য্যও ফিরিয়া আসে না, সেও চিন্তায় মরে ॥২৮॥

পাণ্ডবগণের রাজ্যহরণ আপনার পক্ষে অত্যন্ত অসম্ভব ইহা জানিয়াও আপনি যে পূর্ব্বে ন্যায্যান্যায্যবিবেচনা করেন নাই, তাহারই এই ফল ভোগ করিতেছেন ॥২৯॥

উক্তোঽসি বহুধা রাজন্! মা যুধ্যস্বেতি পাণ্ডবৈঃ।
গৃহ্লীষে ন চ তন্মোহাদ্বচনঞ্চ বিশাংপতে! ॥৩০॥
ত্বয়া পাপানি ঘোরাণি সমাচীর্ণানি পাণ্ডুষু।
ত্বৎকৃতে বর্ত্ততে ঘোরঃ পার্থিবানাং জনক্ষয়ঃ ॥৩১॥
তত্ত্বিদানীমতিক্রান্তং মা শুচো ভরতর্ষভ!।
শৃণু সর্ব্বং যথা বৃত্তং ঘোরং বৈশসমচ্যুত! ॥৩২॥
প্রভাতায়াং রজন্যাস্তু কর্ণো রাজানমভ্যয়াৎ।
সমেত্য চ মহাবাহুর্দুর্য্যোধনমথাব্রবীৎ ॥৩৩॥

কর্ণ উবাচ।

অদ্য রাজন্! সমেষ্যামি পাণ্ডবেন যশস্বিনা।
নিহনিষ্যামি তং বীরং স বা মাং নিহনিষ্যতি ॥৩৪॥

ভারতকৌমুদী

উক্ত ইতি। পাণ্ডবৈরিত্যুপলক্ষণং কৃষ্ণবিদুরাদিভিরপি। মোহাৎ পাণ্ডবরাজ্যলাভ-সম্ভাবনাতঃ ॥৩০॥

নন্থ প্রাণিবধাদীনি কথং পাণ্ডবানাং ধর্ম্মিষ্ঠানীত্যাহ ত্বযেতি। পাপানি নির্বাসনাদীনি ॥৩১॥

তদিতি। বৈশসং যুদ্ধে মহামারী, হে অচ্যুত! লোভাদভ্রষ্ট! ॥৩২॥

প্রভাতাযামিতি। রাজানং দুর্য্যোধনম্, অভ্যযাৎ প্রাগুক্ততৎস্মরণানন্তরম্ ॥৩৩॥

অদ্যেতি। সমেষ্যামি সম্মিলিতো ভবিষ্যামি, পাণ্ডবেন অর্জ্জুনেন ॥৩৪॥

ভারতভাবদীপঃ

॥২৫—২৬॥ স্ত্রীমধ্যমিব গাহস্বে সেনাং মৃদ্বস্তীত্যর্থঃ ॥২৭॥ নিমিত্তানি দ্যূতাদীনি, ধর্ম্মিষ্ঠানীতি সোপালম্ভং বিরুদ্ধানীত্যর্থঃ ॥২৮॥ কার্য্যং রাজ্যলাভাখ্যম্, দূরপ্রাপ্তম্ অত্যন্তদুর্লভম্,

---

রাজা! পাণ্ডবেরা আপনাকে বহুবার বলিয়াছিলেন যে, 'আপনি যুদ্ধ করিবেন না'। কিন্তু নরনাথ! আপনি মোহবশতঃ তাহা গ্রাহ্য করেন নাই ॥৩০॥

তা'র পর আপনি পাণ্ডবগণের উপরে বহুতর ভীষণ অন্যায় আচরণ করিয়াছেন। সুতরাং আপনার জন্যই রাজাদের এই ভীষণ লোকক্ষয় হইতেছে ॥৩১॥

কিন্তু লোভপরায়ণ ভরতশ্রেষ্ঠ! এখন সে সমস্তই অতীত হইয়াছে; সুতরাং তাহার জন্য আর শোক করিবেন না; যেরূপ ভীষণ মহামারী হইয়াছিল, সেই সমস্তই শ্রবণ করুন ॥৩২॥

রাত্রি প্রভাত হইলে, মহাবাহু কর্ণ দুর্য্যোধনের নিকট গমন করিলেন; তিনি সেখানে যাইয়া দুর্য্যোধনকে বলিতে লাগিলেন ॥৩৩॥

---

(৩৩)···সমেত্য স মহাবাহুর্দুর্য্যোধনমভাষত—পি।

বহুত্বান্মম কার্য্যাণাং তথা পার্থস্য ভারত ।।
নাভূৎ সমাগমো রাজন্ ! মম চৈবার্জ্জুনস্য চ ॥৩৫॥
ইদন্তু মে যথাপ্রজ্ঞং শৃণু বাক্যং বিশাংপতে ! ।
অনিহত্য রণে পার্থং নাহমেষ্যামি ভারত ! ॥৩৬॥
হতপ্রবীরে সৈন্যেঽস্মিন্ ময়ি চাবস্থিতে যুধি ।
অভিযাস্যতি মাং পার্থঃ শক্রশক্ত্যা বিনা কৃতম্ ॥৩৭॥
ততঃ শ্রেয়স্করং যচ্চ তন্নিবোধ জনেশ্বর ! ।
আয়ুধানাঞ্চ মে বীর্য্যং দিব্যানামর্জ্জুনস্য চ ॥৩৮॥

ভারতকৌমুদী

বহুত্বাদিতি। সমাগম ইয়ন্তং কালং যাবৎ যুদ্ধে সম্মেলনম্ ॥৩৫॥

ইদমিতি। যথাপ্রজ্ঞং বুদ্ধ্যনতিক্রমেণ। পার্থমর্জ্জুনম্ ॥৩৬॥

অথার্জ্জুনো যদি পূর্ব্ববদেব ত্বাং নাভিগচ্ছেদিত্যাহ হতেতি। হতাঃ প্রবীরাঃ প্রধানবীরা যস্য তস্মিন্। তথা চান্যেন সহ তস্য যুদ্ধাসম্ভব ইতি ভাবঃ। বিনা কৃতং রহিতম্। অতো মন্তব্যমপি নাস্তি ॥৩৭॥

তত ইতি। শ্রেয়স্করং কুরুপক্ষে মঙ্গলজনকম্। আয়ুধমুভযোরেব সমানম্ ॥৩৮॥

ভারতভাবদীপঃ

যদ্যতো বিজানতাপি ত্বয়া প্রাপ্তাপ্রাপ্তবিচারণং যুক্তাযুক্তপরীক্ষণং ন কৃতমিত্যন্বয়ঃ ॥২৯—৩৬॥ শক্রশক্ত্যেতি। স্বস্যার্জ্জুনবধে সামর্থ্যাভাবং দ্যোতয়তি ॥৩৭॥ শ্রেয়স্করমাত্মত্রাণকরং বীর্য্যং সমানমিতি শেষঃ ॥৩৮॥ কার্য্যস্য কর্ত্তব্যস্য পরকীয়স্য ভেদে বিনাশে, লাঘবে শৈঘ্র্যে,

---

কর্ণ বলিলেন—'রাজা ! আজ আমি যুদ্ধে যশস্বী অর্জ্জুনের সহিত মিলিত হইব। তাহাতে আমি সেই বীরকে বধ করিব, কিংবা তিনি আমাকে বধ করিবেন ॥৩৪॥

ভরতনন্দন রাজা ! আমার ও অর্জ্জুনের কার্য্যবাহুল্যবশতঃ এযাবৎ তাঁহার ও আমার যুদ্ধে সম্মেলনই হয় নাই ॥৩৫॥

ভরতনন্দন নরনাথ ! বুদ্ধি অনুসারে আমার এই বাক্য শ্রবণ কর—আমি যুদ্ধে অর্জ্জুনকে বধ না করিয়া ফিরিয়া আসিব না ॥৩৬॥

আমাদের সৈন্যের প্রধান প্রধান বীর নিহত হইয়াছেন এবং আমার ইন্দ্রদত্ত শক্তিটাও গিয়াছে ; এ অবস্থায় আমি যুদ্ধে অবস্থান করিতে লাগিলে, নিশ্চয়ই অর্জ্জুন আমার অভিমুখে আসিবেন ॥৩৭॥

রাজা ! তাহার পর যাহা মঙ্গলজনক হইবে, তাহা শ্রবণ কর—আমার এবং অর্জ্জুনের দিব্য অস্ত্রগুলির শক্তি সমানই ॥৩৮॥

---

(৩৫)···তথা পার্থস্য পার্থিব !···পি। (৩৭)···ময়ি চৈব স্থিতে যুধি···পি।

কার্য্যস্থ মহতো ভেদে লাঘবে দূরপাতনে।
সৌষ্ঠবে চাস্ত্রপাতে চ সব্যসাচী ন মে সমঃ ॥৩৯॥
প্রাণে শৌর্য্যে চ জ্ঞানে চ বিক্রমে চাপি ভারত।।
নিমিত্তজ্ঞানযোগে চ সব্যসাচী ন মৎসমঃ ॥৪০॥
সর্বায়ুধমহামাত্রং বিজয়ং নাম মে ধনুঃ।
ইন্দ্রার্থং প্রিয়কামেণ নির্ম্মিতং বিশ্বকর্ম্মণা ॥৪১॥
যেন দৈত্যগণান্ রাজন্! জিতবান্ বৈ শতক্রতুঃ।
যস্থ ঘোষেণ দৈত্যানাং ব্যামুহ্যন্ত দিশো দশ ॥৪২॥
তদ্ভার্গবায় প্রায়চ্ছচ্ছক্রঃ পরমসম্মতম্।
তদ্দিব্যং ভার্গবো মহ্যমদদদ্ধনুরুত্তমম্ ॥৪৩॥ (যুগ্মকম্)

ভাবতকৌমুদী

কার্য্যস্থেতি। মহতঃ কার্য্যস্থ বিপক্ষাক্রমণাদেঃ, ভেদে ব্যর্থীকরণে, লাঘবে দ্রুতাস্ত্রক্ষেপে, দূরপাতনে অস্ত্রাণাম্। সৌষ্ঠবে যুদ্ধবৈচিত্র্যে, অস্ত্রাণাং ব্রাহ্মাদীনাং পাতে চ ॥৩৯॥

প্রাণ ইতি। প্রাণে বলে, শৌর্য্যে উৎসাহে, জ্ঞানে বিপক্ষবন্ধ্রবোধে, বিক্রমে বলপ্রকাশে, নিমিত্তজ্ঞানযোগে বিপক্ষজয়োপায়াবধারণসম্বন্ধে চ, সব্যসাচী অর্জ্জুনঃ ॥৪০॥

সর্বেতি। সর্বেষায়ুধেষু মহামাত্রং প্রধানম্। প্রিয়কামেণ ইন্দ্রস্থৈব ॥৪১॥

তস্থ প্রভাবনির্দ্দেশপূর্বকং স্বপ্রাপ্তিমাহ যুগ্মকেন যেনেতি। শতক্রতুরিন্দ্রঃ। ব্যামুহ্যন্ত মোহবিবশা অভবন্। ভার্গবায় পরশুরামায়। দিব্যং স্বর্গীয়ম্। অদদৎ শিষ্যপ্রীত্যা ॥৪২—৪৩॥

তবে বিপক্ষের মহাক্রমণ ব্যর্থ করা, দ্রুত অস্ত্রক্ষেপ করা, দূরে অস্ত্র নিক্ষেপ করা, বিচিত্র যুদ্ধ করা এবং ব্রহ্মাস্ত্রপ্রভৃতি প্রয়োগ করা এ সমস্ত বিষয়ে অর্জ্জুন আমার সমান নহেন ॥৩৯॥

আর বল, বীরত্ব, বিপক্ষের ছিদ্রজ্ঞান, বিক্রম এবং বিপক্ষজয়ের উপায় নিরূপণেও অর্জ্জুন আমার তুল্য নহেন ॥৪০॥

সমস্ত অস্ত্রের মধ্যে প্রধান 'বিজয়-'নামে আমার ধনু রহিয়াছে; বিশ্বকর্ম্মা ইন্দ্রের প্রীতিসম্পাদনের ইচ্ছায় তাঁহার জন্যই ইহা নির্ম্মাণ করিয়াছিলেন ॥৪১॥

রাজা! ইন্দ্র যে ধনুদ্বারা দৈত্যগণকে জয় করিতেন এবং যে ধনুর শব্দে দৈত্যগণের দিগ্‌ভ্রম উপস্থিত হইত; ইন্দ্র নিজের পরমসম্মত সেই ধনু পরশুরামকে দিয়াছিলেন; পরশুরাম আবার সেই উত্তম স্বর্গীয় ধনু আমাকে দান করিয়াছেন ॥৪২—৪৩॥

(৩৯) কার্যস্থ মহতো ভেদে...পি। (৪১)...ইন্দ্রার্থমভিকামেন...পি।

তেন যোৎস্যে মহাবাহুমর্জ্জুনং জয়তাং বরম্।
যথেন্দ্রঃ সমরে সর্বান্ দৈতেয়ান্ বৈ সমাগতান্ ॥৪৪॥
ধনুর্ঘোরং রামদত্তং গাণ্ডীবাত্তদ্বিশিষ্যতে।
ত্রিঃসপ্তকৃত্বঃ পৃথিবী ধনুষা যেন নির্জিতা ॥৪৫॥
ধনুষো হ্যস্য কর্ম্মাণি দিব্যানি প্রাহ ভার্গবঃ।
তদ্রামো হ্যদদন্মহ্যং যেন যোৎস্যামি পাণ্ডবম্ ॥৪৬॥
অদ্য দুর্য্যোধনাহং ত্বাং নন্দয়িষ্যে সবান্ধবম্।
নিহত্য সমরে বীরমর্জ্জুনং জয়তাং বরম্ ॥৪৭॥
সপর্বতবনদ্বীপা হতবীরা সসাগরা।
পুত্রপৌত্রপ্রতিষ্ঠা তে ভবিষ্যত্যদ্য পার্থিব! ॥৪৮॥

ভারতকৌমুদী

তেনেতি। তেন ধনুষা। অতএব মে জয়সম্ভব ইতি ভাবঃ ॥৪৪॥
নম্বর্জ্জুনস্যাপি গাণ্ডীবমস্তীত্যাহ ধনুরিতি। ত্রিঃসপ্তকৃত্ব একবিংশতিবারান্ ॥৪৫॥
ধনুষ ইতি। কর্ম্মাণি মহিম্নঃ, দিব্যানি অলৌকিকানি। পাণ্ডবমর্জ্জুনম্ ॥৪৬॥
অদ্যেতি। নন্দয়িষ্যে তোষয়িষ্যামি, বান্ধবৈর্ভ্রাত্রাদিভিঃ সহেতি তম্ ॥৪৭॥
সেতি। হতা বীরা যস্যাঃ সা পৃথিবী। পুত্রপৌত্রেষু প্রতিষ্ঠা যস্যাঃ সা, সর্বশত্রুবধাৎ ॥৪৮॥

ভারতভাবদীপঃ

